কনটেন্টটি শেয়ার করতে ক্লিক করুন

National Portal Bangladesh

YouTube 10K

পোর্টাল সাবস্ক্রাইব করুন পোলিং মতামত দিন

সর্ব-শেষ হাল-নাগাদ: ১৩ অক্টোবর ২০২২

# বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২

বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২

কনটেন্টটি শেয়ার করতে ক্লিক করুন

National Portal Bangladesh

YouTube 10K

পোর্টাল সাবস্ক্রাইব করুন পোলিং মতামত দিন

মহাপরিচালক



শ্যাম কিশোর রায়<...

বিস্তারিত

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী

অভ্যন্তরীণ ই-সেবাসমূহ

Activate W
Go to Settings

# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২০২২



## বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

(বস্ত্র ও পাট মন্ত্রণালয়)



'সোনার বাংলা গড়ে তুলতে হলে সোনার মানুষ চাই। আর সকলে মিলে কঠোর পরিশ্রম করে ভাবী বংশধরদের এক সুখী ও সমৃদ্ধ ভবিষ্যৎ উপহার দিতে হবে।'

-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

## প্রকাশকাল
অক্টোবর, ২০২২

## প্রকাশনা ও স্বত্ব
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

## নির্দেশনা
শ্যাম কিশোর রায়
মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

## সম্পাদনা পরিষদ
মোহাম্মদ এমদাদুল বারী, পরিচালক (সম্প্রসারণ)
মোঃ আতিকুর রহমান, উপরিচালক (বীজ)
মোঃ নাসির উদ্দীন, সহকারি পরিচালক (মনিটরিং)
সুমন ঠাকুর, জনসংযোগ কর্মকর্তা
মোঃ শামীম আলম, পিএ টু মহাপরিচালক

## প্রচ্ছদ পরিকল্পনা
মোঃ আতিকুর রহমান, উপরিচালক (বীজ)
মোঃ নাসির উদ্দীন, সহকারি পরিচালক (মনিটরিং)
সুমন ঠাকুর, জনসংযোগ কর্মকর্তা
মোঃ শামীম আলম, পিএ টু মহাপরিচালক

## সহযোগীতায়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের কর্মকর্তাগণ

## কম্পোজ ও অলংকরণ
মোঃ শামীম আলম, পিএ টু মহাপরিচালক

## প্রচ্ছদ ডিজাইন
আহমাদুল্লাহ

## মুদ্রণে
ঢাকা প্রেস




# বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২




## বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

### বালিয়াপুকুর, রাজশাহী

ফোন: ০২৫৮৮৮-৫৫৮১৬ , ফ্যাক্স : ০২৫৮৮৮ -৫৩৫৯২,

ইমেইল: bsb.raj.bd@gmail.com

Web: www.bsb.gov.bd



শ্যাম কিশোর রায়
মহাপরিচালক
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

# মুখবন্ধ

ঐতিহ্যবাহী শিল্প হিসেবে রেশম আজও সকলের নিকট সমভাবে সমাদৃত। অতীত ঐতিহ্যকে সামনে রেখে রেশম শিল্প আজ একটি আভিজাত্যের নাম। সুদুর মোঘল আমল থেকে উপমহাদেশে ব্যাপকভাবে রেশমের চাষ শুরু হয়ে বর্তমান কাল পর্যন্ত চলছে। রেশমের সুতিকাগার হিসেবে খ্যাত ভোলাহাট অঞ্চল। বাংলাদেশের রেশম শিল্প তথা রাজশাহীর রেশমের জুড়ি নেই। নারী-পুরুষ ধর্ম বর্ণ নির্বিশেষে সকলের দুর্বলতা রয়েছে রেশম বস্ত্রের প্রতি। তাইতো রেশমের ঐতিহ্য ধরে রেখে এ শিল্পের উত্তরোত্তর বৃদ্ধিতে বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ভূমিকা অপরিসীম।

রেশম একটি কৃষি ভিত্তিক কুটির শিল্প। গ্রামের দরিদ্র জনগোষ্ঠীর ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, দারিদ্র বিমোচন, গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, মহিলাদের ক্ষমতায়ন ও তাঁদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করাসহ জাতীয় অর্থনীতিতে অবদান রাখার ক্ষেত্রে এ শিল্পের ভূমিকা অনস্বীকার্য। রেশম চাষের সহিত প্রায় ৬.৫০ লক্ষ মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত। পরিবারের আবাল বৃদ্ধ বনিতা সকলে ঘরে বসেই স্বল্প পুঁজিতে, স্বল্প সময়ে কম পরিশ্রমে বাড়তি আয় করার সুযোগ পায় যা গ্রামীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে তথা ভাগ্য পরিবর্তনে সহায়ক ভূমিকা পালন করে। জাতীয় আয়ে অর্থনৈতিকভাবে এ শিল্পের ভূমিকা সামান্য থাকলেও দরিদ্র জনগোষ্ঠির মানুষের ভাগ্যের উন্নয়ন ঘটাতে এ শিল্পের সাথে জড়িত ব্যক্তিবর্গ নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড বর্তমানে প্রায় ১০০ কোটি টাকা ব্যয়ে তিনটি প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে রেশম শিল্পের সামগ্রীক উন্নয়নের জন্য কাজ করছে। তুঁতপাতা উৎপাদন, পলুপালন, গুটি উৎপাদন সর্বোপরি পরোক্ষভাবে রেশম কাপড় উৎপাদনে বোর্ড রেশম শিল্পকে প্রতিনিধিত্ব করছে। রেশমের দুটি অংশ একটি কৃষি অন্যটি শিল্প। কৃষি সেক্টরের উন্নয়নের সাথে সাথে শিল্প সেক্টরের উন্নয়নের জন্য সরকারি দুটি কারখানার মধ্যে একটি রেশম কারখানা চালু করা হয়েছে এবং অন্যটি চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে রেশম চাষকে আমার বাড়ী আমার খামার প্রকল্পের সাথে যুক্ত করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে এটুআই প্রোগ্রামের আওতায় রেশম উন্নয়ন বোর্ডও যথেষ্ঠ ভূমিকা রেখে চলেছে। রেশম শিল্পের উন্নয়নের লক্ষ্যে সরকারের ঘোষিত রুপকল্প-২০২১ ও ২০৪১ বাস্তবায়নে রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহিত কার্যক্রমকে স্বাগত জানাই। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ও এ শিল্পের উন্নয়নের জন্য অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সার্বিক কর্মকান্ড নিয়ে ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য আন্তরিক অভিনন্দন জানায়। আশা করছি এ প্রতিবেদন রেশম উন্নয়ন বোর্ড ও রেশম শিল্পকে জানার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে। এজন্য রেশম বোর্ডের এমআইএস সেলের মনিটরিং কর্মকর্তাসহ যারা এর পেছনে কাজ করেছে তাদের আন্তরিক ধন্যবাদ জানায়। আশা করি, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রেশমের হারানো গৌরব ফিরিয়ে আনতে সচেষ্ট থাকবে এবং নতুন ভাবে নতুন উদ্যোগে কাজ করবে এবং রেশম শিল্পের উন্নয়ন ঘটাতে সমর্থ হবে।



# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| রেশম পরিচিতি | ১ |
| বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের পরিচিতি | ১ |
| ঐতিহাসিক পটভূমি | ১ |
| বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সম্প্রসারণ নেটওয়ার্ক | ২ |
| বোর্ডের পরিচালনা পর্ষদ | ৩ |
| ভিশন | ৩ |
| মিশন | ৩ |
| উদ্দেশ্য | ৩ |
| বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মূল কার্যক্রম | ৩ |
| বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের জনবল কাঠামো | ৪ |
| রেশম শিল্পের প্রবাহ চিত্র | ৫ |
| বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর উল্লেখযোগ্য কার্যক্রম | ৫ |
| প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | ৯ |
| প্রকল্প সমূহ | ৯ |
| রেশম খাতে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহিত কার্যক্রম | ১০ |
| স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে গৃহীত কার্যক্রম | ১০ |
| মানচিত্রে রেশম উন্নয়ন বোর্ডের স্থাপনাসমূহ | ১৩ |
| বোর্ডের বিভিন্ন বিভাগ/শাখার কার্যক্রম | ১৪ |
| প্রশাসন বিভাগ | ১৪ |
| মামলার তথ্য | ১৭ |
| অর্থ ও পরিকল্পনা বিভাগ | ১৭ |
| সম্প্রসারণ বিভাগ | ২৭ |
| রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট | ২৮ |
| মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনার আলোকে গৃহীত প্রকল্প | ৩১ |
| উন্নয়নমূলক কর্মকান্ড | ৩১ |
| উৎপাদন ও বাজারজাতকরণ বিভাগ | ৪২ |
| বিগত ১০ বছরের উল্লেখযোগ্য কার্যক্রমের তথ্যাদি | ৪৫ |
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা | ৬০ |
| সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা | ৬১ |
| তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা | ৬৩ |
| উত্তম চর্চা, শুদ্ধাচার ও ইনোভেশন | ৬৪ |
| চ্যালেঞ্জ/সমস্যাবলী | ৬৪ |
| ভবিষ্যৎ কর্মপরিকল্পনা | ৬৫ |
| উপসংহার | ৬৫ |

## রেশম পরিচিতি

রেশম একটি শ্রমঘন কৃষিভিত্তিক শিল্প। বাংলাদেশের ভৌগলিক ও সামাজিক পরিবেশ এ শিল্পের উন্নয়নের জন্য অত্যন্ত উপযোগী। কৃষি ও শিল্প এ দু'টির সমন্বয়ে রেশম কার্যক্রম পরিচালিত হয়। তুঁতচাষ, রেশম পোকা পালন, রেশম গুটি উৎপাদন প্রভৃতি কাজ কৃষি খাত সংশ্লিষ্ট। পক্ষান্তরে রিলিং, থ্রোয়িং, টুইস্টিং, বয়ন তথা রেশম বস্ত্র তৈরি এবং রং ও ছাপা প্রভৃতি কাজ শিল্প খাত সংশ্লিষ্ট। রেশম চাষের তাৎপর্যপূর্ণ দিক হচ্ছে অত্যন্ত অল্পদিনে, কম পরিশ্রমে এ ফসল ঘরে তোলা যায়।

## বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের পরিচিতি

১৯৭৪ সালে উত্তরা গণভবন, নাটোরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাজশাহীর রেশম গুটি ও বস্ত্র দেখে চমৎকৃত হন এবং রেশম শিল্প বিকাশে স্বতন্ত্র একটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠার অভিপ্রায় ব্যক্ত করেন। তারই ফসল হিসেবে পরবর্তীতে ঐতিহ্যবাহী রেশম শিল্পের ব্যাপক সম্প্রসারণ ও উন্নয়নের লক্ষ্যে ১৯৭৭ সালে বাংলাদেশ রেশম বোর্ড গঠিত হয়। আত্মকর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচন ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন ঘটানোই ছিল এ সংস্থার অন্যতম প্রধান উদ্দেশ্য। বোর্ড সৃষ্টির পূর্বে এ শিল্পের সংগে জড়িত লোকসংখ্যা ছিল মাত্র ৩৫ হাজার। বর্তমানে দেশে এ শিল্পের সংগে জড়িত লোকসংখ্যা প্রায় ৬.৫০ লক্ষ যার অধিকাংশই গ্রামীণ মহিলা।

ধারণা করা হয় ৪৫০০ বছর পূর্বে চীনের চানতং প্রদেশে প্রথম রেশমের চাষ শুরু হয়। খ্রীষ্টপূর্ব ১৪০ শতাব্দীতে ভারতবর্ষের হিমালয়ের পাদদেশে এর বিস্তৃতি ঘটে। পরবর্তীতে ভারতবর্ষ, মধ্যপ্রাচ্যসহ পৃথিবীর অনেক অঞ্চলে রেশম শিল্প বিস্তার লাভ করে। মোঘল আমলে তৎকালীন অবিভক্ত বাংলায় রেশম শিল্পের প্রসার ঘটে। ১৯৪৭ সালের পর পূর্ব পাকিস্তানে রেশম কার্যক্রম শিল্প ও বাণিজ্য বিভাগের অধীনে ন্যাস্ত ছিল। ১৯৬১-৬২ সাল থেকে ১৯৭১ সালের পূর্ব পর্যন্ত রেশম কার্যক্রম ইপসিক এর নিয়ন্ত্রণে ছিল। ১৯৯৭ সালে কোম্পানি আইনে বাংলাদেশ সিল্ক ফাউন্ডেশন গঠন করা হয়। ২০০৩ সালে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউটকে রেশম বোর্ডের আওতামুক্ত করে স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসাবে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সরাসরি নিয়ন্ত্রণে ন্যাস্ত করা হয়।

পরবর্তীতে রেশম শিল্পের সমন্বিত উন্নয়নের লক্ষ্যে ২০১৩ সালে বাংলাদেশ রেশম বোর্ড, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট এবং বাংলাদেশ সিল্ক ফাউন্ডেশন এই ৩টি পৃথক সংস্থা একীভূত করে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড গঠন করা হয়। পুনর্গঠিত রেশম উন্নয়ন বোর্ডের ১৪ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদের চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী। রেশম উন্নয়ন বোর্ডের প্রধান নির্বাহীর দায়িত্ব পালন করছেন সংস্থার মহাপরিচালক। রেশম শিল্পের উন্নয়ন ও বিস্তারের লক্ষ্যে গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট রয়েছে। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং এর প্রধান কার্যালয় রাজশাহীতে অবস্থিত।

## ঐতিহাসিক পটভূমি

ইতিহাস পর্যালোচনায় দেখা যায় চীনে প্রথম রেশম আবিস্কৃত হয়। সে কারণে চীনকে রেশমের জন্মভূমি বলা হয়। বিভিন্ন মতামতের ভিত্তিতে দেখা যায় ৪৫০০ বছর পূর্বে চীনের চানতং প্রদেশে রেশম প্রথম আবিস্কৃত হয়।

সে সময় চীনের সম্রাট ছিলেন হোয়াংতি। কথিত আছে সম্রাটের ১৪ বছরের রাজকন্যা সিলিংসি একদিন ফলের বাগানে বসে চা পান করছিলেন। ঐ সময় গরম চায়ের কাপে একটি রেশম গুটি এসে পড়ে। গুটিটি কাপ থেকে তোলার সময় তিনি লক্ষ্য করেন যে গুটি থেকে মাকড়সার জালের মত সুতা উঠে আসছে। এ ঘটনাকে দেবতার বর হিসেবে রাজ পরিবারে গ্রহণ করা হয়। এ আবিস্কারের কাহিনী সতর্কতার সাথে রাজ সভায় গোপন রাখা হয়। প্রায় ৩০০০ বছর পর্যন্ত রেশম পোকা পালনে চীনের একচেটিয়া কর্তৃত্ব ছিল। বাইরের জগৎ এ সম্পর্কে কোন তথ্য জানতে পারেনি। কথিত আছে, চীনের এক রাজকন্যার সংগে তিব্বতের খোতানের রাজপুত্রের বিয়ে হয়। এ সময় রাজকন্যা চুলের খোঁপার মধ্যে রেশম পোকার ডিম ও তুঁতের বীজ বহন করে তিব্বতে নিয়ে আনেন।

খ্রীষ্টপূর্ব ১৪০ শতাব্দে ভারতবর্ষের হিমালয়ের পাদদেশে রেশম চাষের বিস্তৃতি ঘটে। পরবর্তীতে ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে রেশম চাষ ছড়িয়ে পড়ে। ভারতবর্ষ থেকে পরবর্তিতে মধ্যপ্রাচ্যে রেশম চাষের বিস্তৃতি ঘটে।

প্রাচীনকালে আরব বণিকেরা চীন থেকে গ্রীস ও রোমান সাম্রাজ্যে সিল্ক রোড দিয়ে রেশম সামগ্রী রপ্তানী করতেন। বিশ্বের সবচেয়ে প্রাচীন ও দীর্ঘতম রাস্তা হচ্ছে সিল্ক রোড। এ সড়ক চীন থেকে গ্রীস ও রোম পর্যন্ত ১০ হাজার কিলোমিটার দীর্ঘ।

৫৫০ খ্রীষ্টাব্দে ইউরোপের দুজন সন্ন্যাসী চীন থেকে রেশম উৎপাদন প্রক্রিয়া সম্পর্কে জ্ঞাত হন এবং দেশে ফিরে যাবার সময় তারা রেশম ডিম ও তুঁতের বীজ নিয়ে কনস্টান্টিনোপলে যান। এভাবেই ইউরোপে রেশম চাষের গোড়া পত্তন হয়।

দ্বাদশ শতাব্দীতে ইটালীতে রেশম চাষ শুরু হয়। সেখান থেকে ত্রয়োদশ শতাব্দীতে তা ধীরে ধীরে ফ্রান্স এবং স্পেনে বিস্তার লাভ করে। সর্ব পর্যায়ে রেশম প্রযুক্তি উদ্ভাবনে জাপান অগ্রগণ্য। জানা যায় ৪র্থ শতাব্দীতে গোপনে জাপানে রেশম চাষ প্রযুক্তি পাচার হয়। ১৮৭২ সালের পূর্বে জাপানের প্রধান কুটির শিল্প ছিল রেশম কার্যক্রম। পরবর্তীতে শ্রমিক মজুরী বৃদ্ধি, আবাদী জমি হ্রাস এবং শিল্পায়নের ফলে জাপানে রেশম উৎপাদন ক্রমশঃ হ্রাস পেতে থাকে।

ষোড়শ ও সপ্তদশ শতাব্দীতে মোঘল আমলে ভারতে প্রচুর রেশম উৎপাদিত হত। নবাব আমলে তৎকালীন অবিভক্ত বাংলায় রেশম উৎপাদন কার্যকর যথেষ্ট উন্নতি লাভ করে। বিংশ শতাব্দীর গোড়ার দিকে ১৯১৪ সালে রেশম উন্নয়নের জন্য আলাদা বিভাগ প্রতিষ্ঠা করা হয়। ১৯৩৪ সালে গঠিত হয় ট্যারিফ বোর্ড। এ শিল্প রক্ষায় বিভিন্ন পদক্ষেপ গ্রহণকল্পে ট্যারিফ বোর্ড সরকারের নিকট সুপারিশ প্রদান করে।

১৯৪৭ সালে দেশ বিভাগের পর তৎকালীন পূর্ব পাকিস্তানের (বর্তমান বাংলাদেশ) ভাগে দুটি রেশম বীজাগার এবং কিছু বেসরকারী রেশম অধ্যুষিত এলাকা পড়ে। বীজাগার দুটো বগুড়া ও মীরগঞ্জে (রাজশাহীতে) অবস্থিত। বেসরকারী রেশম উৎপাদন এলাকা ছিল ভোলাহাট(চাঁপাইনবাবগঞ্জ) ও মীরগঞ্জ (রাজশাহী)। তবে ভোলাহাট থানায় সবচেয়ে বেশী রেশম চাষ করা হত।

## বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সম্প্রসারণ নেটওয়ার্ক

| অফিস/ স্থাপনার নাম | সংখ্যা | অবস্থান |
|---|---|---|
| বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড প্রধান কার্যালয় | ১ | রাজশাহী। |
| আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় | ৫ | রাজশাহী, রংপুর, ঢাকা, ঝিনাইদহ ও রাঙামাটি। |
| জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় | ৭ | ভোলাহাট, ঠাকুরগাঁও, সিরাজগঞ্জ, গাজীপুর, বগুড়া, কুমিল্লা, গোপালগঞ্জ। |
| রেশম বীজাগার পি-৩, পি-২, পি-১ | ১১ | রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, ভোলাহাট, মীরগঞ্জ, ঈশ্বরদী, ঝিনাইদহ, বগুড়া, রংপুর, দিনাজপুর, কোনাবাড়ী এবং ময়নামতি। |
| তুঁতবাগান | ৭ | ব্রাহ্মণভিটা, ঠান্ডিরাম, সাদামহল, রত্নাই, সনকা, রেইচ্যা ও রুপসীপাড়া। |
| গ্রেনেজ | ২ | ময়মনসিংহ ও ভোলাহাট। |
| রেশম সম্প্রসারণ কেন্দ্র | ৫৯ | বিভিন্ন জেলা ও উপজেলা সদরে অবস্থিত। |
| চাকী রিয়ারিং সেন্টার | ২৭ | বিভিন্ন ইউনিয়ন ও গ্রামে অবস্থিত। |
| মিনিফিলেচার কেন্দ্র | ১২ | ভোলাহাট (চাঁপাইনবাবগঞ্জ), মীরগঞ্জ (রাজশাহী), দৌলতপুর (কুষ্টিয়া), বাগবাটি (সিরাজগঞ্জ), বড়বাড়ী (লালমনিরহাট), জয়পুরহাট, রানীসংকৈল (ঠাকুরগাঁও), কোনাবাড়ী (গাজীপুর), ঝিনাইদহ, চাটমোহর (পাবনা), ময়মনসিংহ ও লামা (বান্দরবান)। |

## বোর্ডের পরিচালনা পর্ষদ

২০১৩ সালের ১৩নং আইনের (৬) ধারাবলে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বোর্ডের পরিচালনা পর্ষদ গঠন করা হয়েছে-

| | | | |
|---|---|---|---|
| ক) | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী | : | চেয়ারম্যান |
| খ) | জাতীয় সংসদের স্পীকার কর্তৃক মনোনীত একজন সংসদ সদস্য | : | জ্যেষ্ঠ ভাইস চেয়ারম্যান |
| গ) | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব | : | ভাইস চেয়ারম্যান |
| ঘ) | রাজশাহী বিভাগের বিভাগীয় কমিশনার | : | সদস্য |
| ঙ) | বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা | : | সদস্য |
| চ) | অর্থ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা | : | সদস্য |
| ছ) | কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা | : | সদস্য |
| জ) | শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা | : | সদস্য |
| ঝ) | মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | : | সদস্য-সচিব |
| ঞ) | রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত প্রাণিবিদ্যা ও উদ্ভিদবিদ্যা বিভাগ হতে যথাক্রমে ১জন করে মোট ২জন অধ্যাপক (একজন সদস্য মহিলা হবেন) | : | সদস্য |
| ট) | সরকার কর্তৃক মনোনীত রেশম পোকা পালনকারী, রেশম সুতা উৎপাদনকারী ও রেশম পণ্য ব্যবসায়ীগণের মধ্য হতে সর্বমোট ৩জন প্রতিনিধি (একজন মহিলা প্রতিনিধি থাকবেন)। | : | সদস্য |

## ভিশন

দেশে রেশম চাষ ও শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচন;

## মিশন

(ক) লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে কাঁচা রেশমের উৎপাদন বৃদ্ধি;
(খ) গবেষণালব্ধ উচ্চ ফলনশীল তুঁত ও রেশম কীটের জাত প্রবর্তন;
(গ) রেশম সেক্টরে দক্ষ ও কারিগরি জনশক্তি সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;
(ঘ) কাঁচা রেশম ও রেশম পণ্যের মান ও বৈচিত্র উন্নয়ন ও বিপণনের ব্যবস্থাকরণ;
(ঙ) রেশম চাষ সম্প্রসারণে জনসচেতনতা বৃদ্ধি, মোটিভেশন ও তদারকি কাজ জোরদারকরণ।

## উদ্দেশ্য

১। রেশম চাষ সম্প্রসারণে সহযোগিতা জোরদারকরণ;
২। মানব সম্পদ উন্নয়ন;
৩। সক্ষমতা বৃদ্ধি।

## বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মূল কার্যক্রম

১. রেশম চাষ ও রেশম শিল্পের পরিকল্পনা ও উন্নয়ন;

২. রেশম বিষয়ক বৈজ্ঞানিক, কারিগরি ও আর্থিক গবেষণা ও প্রশিক্ষণের জন্য উদ্যোগ গ্রহণ,সহায়তা এবং উৎসাহ প্রদান;

৩. গবেষণা ও প্রশিক্ষণের মাধ্যমে প্রাপ্ত ফলাফলসমূহ মাঠ পর্যায়ে সম্প্রসারণ ও বাস্তবায়ন নিশ্চিতকরণ এবং বর্তমানে সংরক্ষিত ও ভবিষ্যতে সংগৃহিতব্য সকল রেশম পোকার জাত সংরক্ষণ নিশ্চিতকরণ;

৪. উন্নতজাতের তুঁত চাষাবাদের পদ্ধতি উদ্ভাবন;

৫. উন্নতজাতের ডিমপালন, রোগমুক্ত পলুপোকার উদ্ভাবন ও বিতরণ;

৬. রেশম গুটি হতে সুতা আহরণ এবং কাঁচা রেশমের মান উন্নত ও উৎপাদন বৃদ্ধির প্রয়োজনে সকল কাঁচা রেশম যথাযথভাবে যন্ত্রপাতি সজ্জিত স্বয়ংসম্পূর্ণ সিল্ক কন্ডিশনিং হাউস এর মাধ্যমে পরীক্ষা ও গ্রেডিং করার পর বাজারজাতকরণের ব্যবস্থা গ্রহণ;

৭. চরকা, রিলিং ও ফিলেচারে নিয়োজিত ব্যক্তিদিগকে কারিগরি পরামর্শ/প্রশিক্ষণ প্রদান;

৮. কাঁচা রেশম ও রেশম পণ্যের মান উন্নয়ন;

৯. রেশম চাষ ও রেশম শিল্পের উপর বিভিন্ন উপাত্ত সংগ্রহ ও গ্রন্থনা;

১০. রেশম চাষ ও রেশম শিল্পের সাথে সংশ্লিষ্টদের ঋণদানের সুবিধাদি সৃষ্টি;

১১. ন্যায্যমূল্যে রেশম শিল্পের প্রয়োজনীয় কাঁচামালসহ রং, রাসায়নিক দ্রব্যাদি, খুচরা যন্ত্রাংশ ও আনুষঙ্গিক দ্রব্যাদি সিল্ক রিলার, উইভার ও প্রিন্টারদেরকে সরবরাহের ব্যবস্থা;

১২. দেশে-বিদেশে রেশম ও রেশম সামগ্রী জনপ্রিয় ও বাজারজাতকরণের জন্য প্রচারের ব্যবস্থা;

১৩. রেশম সামগ্রী রপ্তানী করার জন্য রেশম সামগ্রীর মানোন্নয়নের সুযোগ-সুবিধা সৃষ্টি এবং সিল্ক রিলার, রিয়ারার, স্পীনার, উইভার এবং প্রিন্টাদেরকে প্রশিক্ষণদানের সুবিধা সৃজন;

১৪. রেশম চাষ ও রেশম শিল্পে নিয়োজিত ব্যক্তিদের সাধারণ সুবিধার জন্য প্রকল্প প্রণয়ন, পরিচালনা বাস্তবায়ন;

১৫. কাঁচা রেশম, স্পান সিল্ক ও রেশম পণ্য উৎপাদনের জন্য মিল স্থাপনের ব্যবস্থা গ্রহণ;

১৬. উপরি-উক্ত কার্যাদি সম্পাদনের ক্ষেত্রে যেইরূপ প্রয়োজনীয় বা সুবিধাজনক হয় সেইরূপ আনুষঙ্গিক বা সহায়ক সকল বিষয়ে ব্যবস্থা গ্রহণ;

১৭. সরকার কর্তৃক আরোপিত রেশম উন্নয়ন সংশ্লিষ্ট অন্য যে কোন দায়িত্ব পালন।

## বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের জনবল কাঠামো

একীভূত প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের প্রবিধানমালা এবং সাংগঠনিক কাঠামো চূড়ান্ত অনুমোদনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। সাংগঠনিক কাঠামোর ৫৮১ সংখ্যক পদের জিও জারী হয়েছে। বিলুপ্ত তিনটি প্রতিষ্ঠানের সকল জনবল নবগঠিত বাংলাদেশ রেশম বোর্ডে কর্মরত অবস্থায় কার্যক্রম পরিচালনা করছে।

| সংস্থার নাম | শ্রেণি | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূণ্য পদ |
|---|---|---|---|---|
| বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ১ম | ৮৪ | ২৫ | ৫৯ |
| | ২য় | ৭২ | ১৮ | ৫৪ |
| | ৩য় | ৩৬৭ | ৯১ | ২৭৬ |
| | ৪র্থ | ৫৮ | ২০ | ৩৮ |
| | মোট | ৫৮১ | ১৫৪ | ৪২৭ |

- ৩০ জুন, ২০২২ পর্যন্ত হালনাগাদকৃত।

## রেশম শিল্পের প্রবাহ চিত্র

বাংলাদেশে রেশম চাষ সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রেশম পণ্যের কাচাঁমাল অর্থাৎ রেশম গুটি উৎপাদন থেকে শুরু করে গুটি থেকে সুতা উৎপাদন এবং সুতা থেকে বস্ত্র উৎপাদন সহ সকল স্তরে সক্রিয় ভূমিকা পালন করে। নিম্নের উপস্থাপিত রেশম শিল্পের প্রবাহ চিত্রে কার্যক্রমসমূহ প্রদর্শন করা হলোঃ




## বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর উল্লেখযোগ্য কার্যক্রম

### ক) তুঁতচাষ ও তুঁতজমি রক্ষণাবেক্ষণ

রেশম চাষীদেরকে তাদের প্রয়োজন অনুযায়ী রেশম ডিম সরবরাহের লক্ষ্যে রেশম পোকা (পলু পোকা) পালন করতে হয়। যেহেতু তুঁতপাতা হলো রেশম পোকার একমাত্র খাবার সেজন্য পলুপালনের জন্য প্রয়োজনীয় পরিমাণ তুঁতবাগানের রক্ষণাবেক্ষণ আবশ্যক। সে লক্ষ্যে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ৭টি তুঁতবাগান, ১১টি রেশম বীজাগার এবং ২টি গ্রেনেজের প্রায় ৪২০ বিঘা জমিতে সারা বছর তুঁতচাষ ও তুঁতজমি রক্ষণাবেক্ষণ করা হয়।



জনাব মোঃ আব্দুর রউফ, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর মীরগঞ্জ রেশম বীজাগার পরিদর্শণ

## খ) তুঁতচারা উৎপাদন ও বিতরণ

রেশম চাষীদের বাড়িতে রেশম চাষের সুবিধার্থে সারাদেশে রেশম সম্প্রসারণ এলাকার রেশম চাষীদের চাহিদার ভিত্তিতে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের নার্সারীতে উৎপাদিত তুঁতচারা সরবরাহ করা হয়ে থাকে। ২০২১-২২ অর্থ বছরে ৮.৭৭ লক্ষ তুঁতচারা বিনামূল্যে রেশম চাষীদের মধ্যে বিতরণ করা হয়েছে।

## গ) রোগমুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ

সম্প্রসারণ এলাকার চাষীদের চাহিদার ভিত্তিতে প্রয়োজনীয় রোগমুক্ত ডিম উৎপাদন প্রক্রিয়ার অংশ হিসেবে পি১, পি২ এবং পি৩ পর্যায়ের বীজাগারসমূহে ডিম উৎপাদন কার্যক্রম প্রায় সারা বছর চলমান থাকে। ২০২১-২২ অর্থ বছরে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের বীজাগার সমুহে উৎপাদিত ৪.৬০ লক্ষ রোগমুক্ত রেশম ডিম রেশম চাষীদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয়েছে।



সম্প্রসারণ এলাকায় রেশম ডিম বিতরণ

## ঘ) রেশম গুটি উৎপাদন

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারিদের সহায়তায় রেশম চাষীরা তাদের বাড়িতে বছরে চারবার রেশম পোকা পালন করে রেশম গুটি উৎপাদন করে থাকেন। ২০২১-২২ অর্থ বছরে রেশম চাষীগণ ২১৫ মেঃটন রেশম গুটি উৎপাদন করেছেন এবং উৎপাদিত রেশম গুটির একাংশ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড ন্যায্য মূল্যে ক্রয় করেছে এবং অবশিষ্ট অংশ বোর্ডের স্থানীয় কর্মীদের মধ্যস্ততায় বেসরকারি মিল মালিক ও কাঠঘাই মালিকগণের মধ্যে বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক ক্রয়কৃত রেশম গুটির মূল্য মোবাইল ফাইন্যানশিয়াল সার্ভিস এর মাধ্যমে সরাসরি চাষিদের মধ্যে বিতরণ করা হয়।



সম্প্রসারণ এলাকায় রেশমগুটি উৎপাদন

## ঙ) পলুঘর ও পলুপালন সামগ্রী বিতরন

রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলাসমূহে দারিদ্র বিমোচন ও রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ এবং "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা" শীর্ষক প্রকল্প তিনটির আওতায় সারাদেশে ২০২১-২০২২ অর্থ বছরে রেশম সম্প্রসারণ এলাকায় মোট ৫৯৯টি পলুঘর বিনা মূল্যে বিতরণ করা হয়েছে। এছাড়াও রেশম চাষিদের মধ্যে ১৬,১৭৬টি ডালা, ১৪,৫২৬টি চন্দ্রকী ও ৫,৫৬৫টি ঘড়া বিনা মূল্যে বিতরণ করা হয়েছে।



রেশমচাষীদের পলুঘর পরিদর্শন

## চ) ফার্মিং পদ্ধতিতে রেশম চাষ সম্প্রসারণ

বাংলাদেশে রেশম চাষে মাঝারী ও বড় উদ্যোক্তা তৈরির লক্ষ্যে ফার্মিং পদ্ধিতিতে রেশম চাষ পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে চাঁপাইনবাবগঞ্জ, ভোলাহাট, নওগাঁ, রংপুর ও ঠাকুরগাঁও জেলায় ফামিং পদ্ধতিতে মোট ৩৯৬ বিঘা জমিতে তুঁতচারা রোপণ করা হয়েছে।



ফার্মিং পদ্ধতিতে তুঁত চাষ



ফার্মিং পদ্ধতিতে রোপণকৃত তুঁতজমি পরিদর্শন

## ছ) রেশম সুতা উৎপাদন (সরকারি পর্যায়ে)

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের আওতাধীন মিনিফিলেচার কেন্দ্রগুলিতে ২০২১-২২ অর্থ বছরে ১.২৬৬ মেঃটন রেশম সুতা উৎপাদিত হয়েছে।

## জ) রাজশাহী রেশম কারখানায় রেশম কাপড় উৎপাদন

রাজশাহী রেশম কারখানায় উৎপাদিত ব্লক, স্ক্রীন প্রিন্ট শাড়ী, গরদ শাড়ী, ডুপিয়ন সার্টিং, বলাকা, মটকা ইত্যাদি থান কাপড়, উত্তরীয়, টুপিস কাপড় রাজশাহী রেশম কারখানা চত্বরে অবস্থিত রেশম পণ্য বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র রাজশাহী এবং জেডিপিসি চত্বর, ফার্মগেট, ঢাকা শোরুমে বিক্রয় করা হচ্ছে । ২০২১-২০২২ অর্থ বছরে রাজশাহী রেশম কারখানায় ১১,৮০৩ মিটার রেশম কাপড় উৎপাদন করা হয়েছে। উল্লেখ্য, ২০টি লুম বিশিষ্ট ঠাকুরগাঁও রেশম কারখানাটি লীজ চুক্তিতে দিয়ে চালানোর বিষয়টি প্রক্রিয়াধীন।



জনাব মোঃ আব্দুর রউফ, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক রাজশাহী রেশম কারখানা শো-রুম পরিদর্শন

## ঝ) রেশম চাষী ও ইন-হাউজ প্রশিক্ষণ

প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কাজ করছে। ২০২১-২২ অর্থ বছরে মাঠ পর্যায়ে চাষি ও বসনী থেকে শুরু করে সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজন অনুসারে ইন-হাউজ প্রশিক্ষণসহ ১৬টি বিষয়ে সর্বমোট ৭১০ জনকে প্রশিক্ষণ প্রদান এবং ৯টি বিষয়ে মোট ২৫৩ জনকে বিভিন্ন সেমিনার/কর্মশালা করা হয়েছে। এছাড়া এ অর্থ বছরে প্রকল্পের চাষিসহ মাঠ পর্যায়ে পলুপালন, তুঁতচারা রোপণ, উত্তোলন ও পরিচর্যা এবং রিলিং বিষয়ে মোট ৬৭৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

বোর্ডের উল্লেখযোগ্য অর্জন

| ক্রঃ নং | গৃহীত কার্যক্রম | অর্জন |
|---|---|---|
| ১. | তুঁতচাষ ও তুঁতজমি রক্ষণাবেক্ষণ | ৪২০ বিঘা |
| ২. | তুঁতচারা উৎপাদন ও বিতরণ | ৮.৭৭ লক্ষ |
| ৩. | রোগমুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ | ৪.৬০ লক্ষ |
| ৪. | রেশম গুটি উৎপাদন | ২১৫ মেঃটন |
| ৫. | রেশম সুতা উৎপাদন (সরকারি পর্যায়ে) | ১.২৬৬ মেঃটন |
| ৬. | রাজশাহী রেশম কারখানায় রেশম কাপড় উৎপাদন | ১১,৮০৩ মিটার |
| ৭. | রেশম বীজগুটি উৎপাদন | ৮,৬৭৫ কেজি |
| ৮. | রেশম চাষি প্রশিক্ষণ | ৬৭৫ জন |
| ৯. | চাকী রিয়ারিং কেন্দ্রগুলিতে চাকী পলুপালন করে পলুপালনকারীদের বিতরণ | ২.০০ লক্ষ চাকী পলু |
| ১০. | আইডিয়াল রেশম পল্লী ও সম্প্রসারণ এলাকার চাষিদের পলুপালন সরঞ্জামাদি ও পলুঘর নির্মাণ বাবদ আর্থিক সহায়তা প্রদান | চাষিদের ১৬,১৭৬টি ডালা ও ১৪,৫২৬টি চন্দ্রকী, সুতার জাল ৬,৩২৪টি (পলু পালন সামগ্রী) ঘড়া ৫,৫৬৫টি এবং পলুঘর ৫৯৯টি বিনা মূল্যে বিতরণ করা হয়েছে। |

## প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি

| ২০২১-২২ অর্থ বছরের প্রকল্প | এডিপিতে বরাদ্দ | ব্যয়ের পরিমান ও আর্থিক অগ্রগতি | বাস্তব অগ্রগতি |
|---|---|---|---|
| (i) 'রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলাসমূহে দারিদ্র বিমোচন' শীর্ষক প্রকল্প (জুলাই, ২০১৭-জুন, ২০২৩)। প্রাক্কলিত ব্যয় ২৪৪৬.০০ লক্ষ টাকা। (১ম সংশোধিত) | ৭৬০.০০ লক্ষ টাকা | ৭৪১.৯৩ লক্ষ টাকা (৯৭.৫৮%) | ১০০% |
| (ii) রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ শীর্ষক প্রকল্প (এপ্রিল'২০১৯ -জুন'২০২৩) প্রাক্কলিত ব্যয় ২৪৪৮.০০ লক্ষ টাকা। | ৭০০.০০ লক্ষ টাকা | ৬৯৯.১৭ লক্ষ টাকা (৯৯.৮৮%) | ১০০% |
| (ররর) "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা" (২য় পর্যায়) ( জুলাই, ২০২১-জুন,২০২৪) প্রাক্কলিত ব্যয় ৪৯৭৩.০০ লক্ষ টাকা। | ২২০.০০ লক্ষ টাকা | ২১৫.৩৫ লক্ষ টাকা (৯৭.৮৯%) | ১০০% |
| (iii) রেশম প্রযুক্তি উন্নয়ন, বিস্তার ও দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ(জুলাই/১৬-জুন/২২) প্রাক্কলিত ব্যয় ৩৫৬৬.৮৩ লক্ষ টাকা। | ১১৬০.০০ লক্ষ টাকা | ৮৫৫.৬০ লক্ষ টাকা (৭৬.৬৬%) | ৯৮% |

- ৩০ জুন, ২০২২ পর্যন্ত হালনাগাদকৃত।

## প্রকল্প সমূহ

**তিনটি প্রকল্প চলমান রয়েছে এবং ২০২১-২২ অর্থবছরে একটি প্রকল্প সমাপ্ত হয়েছে। প্রকল্প সমূহের কার্যক্রম-**

### প্রকল্পের নাম : "রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন (১ম সংশোধিত)"

মোট প্রাক্কলিত ব্যয় : ২৪৪৬.০০ লক্ষ টাকা
বাস্তবায়নকাল: জুলাই'২০১৭ - জুন'২০২৩
বাস্তবায়ন অগ্রগতি : ১৫৫৪.৫৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যার বাস্তব অগ্রগতি ৭০%
প্রকল্প এলাকা : পার্বত্য জেলা সমূহের ৩টি জেলার আওতায় ১৭টি উপজেলা

| মূল কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি (৩০ জুন,২০২২ পর্যন্ত) |
|---|---|---|
| আইডিয়াল পল্লী স্থাপন | ১০টি | ১০টি |
| তুঁত ব্লক স্থাপন | ১০০টি | ১০০টি |
| তুঁত চারা উৎপাদন | ৬.০০ লক্ষ | ৬.০০ লক্ষ |
| প্রশিক্ষণ প্রদান | ১৯৫০ জন | ১৫৭০ জন |
| রোগমুক্ত রেশম ডিম উৎপাদন | ৩.০০ লক্ষ | ১.৪৯ লক্ষ |
| চাকী রিয়ারিং কাম ডেমোনেস্ট্রেশন কেন্দ্রের জন্য ভূমি অধিগ্রহণ ও নির্মাণ | ৪টি | ৪টি |
| সিল্ক রিলিং উইভিং প্রশিক্ষণ কেন্দ্রের জন্য ভূমি অধিগ্রহণ ও নির্মাণ | ১টি | ১টি |

### প্রকল্পের নাম: রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ"

মোট প্রাক্কলিত ব্যয় : ২৪৪৮.০০ লক্ষ টাকা
বাস্তবায়নকাল: এপ্রিল'২০১৯ - জুন'২০২৩
বাস্তবায়ন অগ্রগতি : ১৩৩০.৬৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যার বাস্তব অগ্রগতি ৬৫%
প্রকল্প এলাকা: রংপুর ও রাজশাহী বিভাগাধীন ৮টি জেলার আওতায় ৩১টি উপজেলা

| মূল কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি (৩০ জুন,২০২২ পর্যন্ত) |
|---|---|---|
| আইডিয়াল পল্লী স্থাপন | ১৭ টি | ১৭ টি |
| তুঁত ব্লক স্থাপন | ২০০টি | ২০০টি |
| তুঁত চারা উৎপাদন ও বিতরণ | ৭.০০ লক্ষ | ৬.০০ লক্ষ |
| প্রশিক্ষণ প্রদান | ২০০০ জন | ১২৪০ জন |
| রোগমুক্ত রেশম ডিম উৎপাদন | ৫.৫০ লক্ষ ডিম | ৩.৪৯ লক্ষ ডিম |

## প্রকল্পের নামঃ "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)"

মোট প্রাক্কলিত ব্যয় : ৪৯৭৩.০০ লক্ষ টাকা
বাস্তবায়নকাল: জুলাই'২০২১- জুন ২০২৪
বাস্তবায়ন অগ্রগতি : ২১৫.৩৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যার বাস্তব অগ্রগতি ৮%
প্রকল্প এলাকা: সমগ্র বাংলাদেশের ৩২টি জেলার আওতায় ৪২টি উপজেলা

| মুল কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি (৩০ জুন,২০২২ পর্যন্ত) |
|---|---|---|
| তুঁতচারা উৎপাদন | ১৪.২০ লক্ষ | ১.৫০ লক্ষ |
| চাষীর প্রশিক্ষণ প্রদান | ৪৪২৫ জন | ২২৫ জন |
| ফার্মিং পদ্ধতিতে রেশম চাষ সম্প্রসারণ | ১১০০ বিঘা জমি | ৩৯৬ বিঘা জমি |

## প্রকল্পের নামঃ রেশম প্রযুক্তি উন্নয়ন, বিস্তার ও দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ (১ম সংশোধিত) (সমাপ্ত)

মোট প্রাক্কলিত ব্যয়: ৩৫৬৬. ৮৩ লক্ষ টাকা
বাস্তবায়নকাল: জুলাই, ২০১৬ হতে জুন ২০২২ পর্যন্ত
বাস্তবায়ন অগ্রগতি: আর্থিক ৮৬.৬৫% এবং বাস্তব ৯৮%
প্রকল্প এলাকা: রাজশাহী, পঞ্চগড় এবং রাঙ্গামাটি

## রেশম খাতে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহিত কার্যক্রম

চতুর্থ শিল্প বিপ্লব ইতোমধ্যে "Industry 4.0" নামে ব্যাপকভাবে পরিচিতি লাভ করেছে। এ শিল্পবিপ্লবের ভিত্তি হলো প্রযুক্তি। আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স, রোবটিক্স, ইন্টারনেট অব থিংকস, ভার্চুয়াল রিয়েলিটি, বায়োটেকনোলজি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও অন্যান্য প্রযুক্তি মিলেই চতুর্থ শিল্প বিপ্লব । এ শিল্প বিপ্লবের সুবিধা ভোগ করতে প্রাতিষ্ঠানিক প্রযুক্তিগত সক্ষমতা ও দক্ষতা অর্জনের বিকল্প নেই। রেশম শিল্পের উৎপাদন চেইনের প্রতিটি ধাপে চতুর্থ শিল্প বিপ্লবের সুবিধাসমূহ ব্যবহার করার অনেক সুযোগ রয়েছে। যেমন, বায়োটেকনোলজির জেনেটিক ইঞ্জিনিয়ারিং ট্যুলস ব্যবহার করে রেশম গবেষণার আমুল পরিবর্তন আনা সম্ভব। ভবিষ্যতে এ সকল সুবিধা সমূহ ব্যবহার করে রেশম কীট (Transgenic Silkworm) এবং টিস্যু কালচারের মাধ্যমে উন্নত তুঁত (Mulberry) জাত উদ্ভাবনের উদ্যোগ গ্রহণ করা হবে। একই সাথে রেশম কীট ও তুঁত জাতের Quality এবং Quantity উভয় ক্ষেত্রে উন্নয়ন করার লক্ষ্যে এ প্রযুক্তি প্রয়োগ করা হবে। এছাড়া এ শিল্পবিপ্লবের প্রয়োগিক ক্ষেত্র ব্যবহার করে রেশম নার্সারীগুলোর নার্সারী ব্যবস্থাপনাকে অটোমেশন এবং মেকানাইজেশন করে আধুনিকায়ন করা হবে। এতে করে ইন্টারনেটসহ আধুনিক প্রযুক্তি ব্যবহারের ফলে কাজের গতি তরান্বিত হবে এবং দ্রুততম সময়ে ও কম খরচে কর্ম সম্পাদন করা সম্ভব হবে। রেশমের পোস্ট কোকুন পর্যায়েও এ শিল্প বিপ্লবের প্রয়োগিক ক্ষেত্র- যেমন রিলিং, উইভিং, প্রিন্টিং ইত্যাদি ক্ষেত্রে স্বয়ংক্রিয় যন্ত্রপাতি ব্যবহার করার মাধ্যমে রেশম বস্ত্রের গুণগত মান বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

## স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে গৃহীত কার্যক্রম

### ক) জন্মশতবার্ষিকীতে বিভিন্ন কর্মসূচি

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সদর দপ্তরসহ বিভিন্ন আঞ্চলিক ও জোনাল কার্যালয় সমূহে আলোচনা সভা, দোয়া মাহফিলসহ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড প্রধান কার্যালয়ে আলোকসজ্জা, সভা, সেমিনার ও র‍্যালি করা হয়েছে।

### খ) বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কারখানায় উৎপাদিত রেশম পণ্য নিয়ে মেলায় অংশ গ্রহণ

রাজশাহী কলেজ মাঠে বাংলাদেশ ভারত ৫ম সাংস্কৃতিক মিলন মেলা/২২ উপলক্ষে আয়োজিত চারদিন ব্যাপি মেলায় বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড রাজশাহী রেশম কারখানায় উৎপাদিত পণ্য নিয়ে অংশ গ্রহণ করে।

### গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে সেমিনার

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে "মুজিব বর্ষস্মৃতিতে বঙ্গবন্ধু" শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। এছাড়াও "স্মৃতিতে বঙ্গবন্ধু" বইয়ের মোড়ক উম্মোচন করা হয়।




**মুজিববর্ষ উপলক্ষ্যে "স্মৃতিতে বঙ্গবন্ধু" বইয়ের মোড়ক উম্মোচন**

### ঘ) লাহারপুরে রেশম তাঁতী, রেশম বসনী ও রিলার সমাবেশ

রেশমের চারনভূমি বলে খ্যাত চাঁপাইনবাবগঞ্জ জেলার লাহারপুরে রেশম তাঁতী, বসনী ও রিলারদের রেশম শিল্পের সাথে আরও বেশি সম্পৃক্ততা বৃদ্ধি করতে সমাবেশের আয়োজন করা হয়। উক্ত সমাবেশে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলাম দস্তগীর গাজী, এমপি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



**লাহারপুরে রেশম তাঁতী, রেশম বসনী ও রিলার সমাবেশে
বস্ত্র ও পাট মন্ত্রী গোলাম দস্তগীর গাজী, বীরপ্রতিক, এমপি**

### ঙ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে সেমিনার

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্ম-জীবনীর উপর সেমিনার অনুষ্ঠিত হয়।



**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে সেমিনার**

### চ) রাজশাহী রেশম কারখানা চত্বর এবং জেডিপিসি ভবন চত্বর, ফার্মগেট, ঢাকায় শো-রুম স্থাপন

রেশম চাষিদের উৎপাদিত গুটি থেকে খাঁটি রেশম পণ্যের সহজলভ্যতা এবং এর অতীত ঐতিহ্য ফেরাতে রাজশাহী কারখানা চত্বরে এবং জেডিপিসি ভবন চত্বর, ফার্মগেট, ঢাকায় শো-রুম স্থাপন করা হয়েছে। উক্ত শো-রুম দুটি উদ্বোধন করেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলাম দস্তগীর গাজী, এমপি, বীরপ্রতীক। এছাড়া ঘরে বসেই রেশম পণ্য ক্রয়ের সুবিধার্থে অনলাইন প্লাটফর্ম চালু করা হয়েছে।



জেডিপিসি ভবন চত্বর, ফার্মগেট, ঢাকায় শো-রুম উদ্বোধন

### ছ) রংপুরে মুজিববর্ষ উপলক্ষ্যে রেশম চাষি সমাবেশ, র‍্যালি ও চরকা বিতরণ

রেশম শিল্পের সম্প্রসারণের লক্ষ্যে এবং রেশম চাষীদের সম্পৃক্ততা আরও বৃদ্ধি করতে রংপুরে মুজিববর্ষ উপলক্ষ্যে রেশম চাষি সমাবেশ ও র‍্যালির আয়োজন করা হয় এবং রেশম চাষীদের আয় বৃদ্ধির লক্ষ্যে ৫০ জন চাষীর মধ্যে বিনামূল্যে চরকা বিতরণ করা হয়। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মহাপরিচালক উক্ত চাষি সমাবেশ ও চরকা বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



মুজিববর্ষ উপলক্ষ্যে রেশম চাষী সমাবেশ, র‍্যালি ও চরকা বিতরণ


মানচিত্রে রেশম উন্নয়ন বোর্ডের স্থাপনা
Head office 1
BSRTI
Regional office 5
Zone office 7
Seri-nursery 11
Mini-farm 7
Extention centre 40
Sub-centre 164
Grainage 2
Ideal Rashom polly 8
Chaki Rearing Center 29
Minifilature 12
Silk factory 2
Panchagarh
Thakurgan
Nilphamari
Kurigram
Dinajpur
Rangpur
Gaibandha
Joypurhat
Naogaon
Nawabganj
Bogra
Rajshahi
Nator
Sirajganj
Pabna
Kustia
Meherpur
Chuadanga
Jhenaidah
Magura
Rajbari
Faridpur
Jessore
Narail
Gopalgnaj
Madaripur
Satkhira
Khulna
Begerhat
Barishal
Perojpur
Patuakhali
Barguna
Bhola
Sherpur
Jamalpur
Netrakona
Sunamganj
Sylhet
Mymonsingh
Kishoreganj
Hobiganj
Moulvibazar
Tangail
Gazipur
Narshingdi
Brahmanbaria
DHAKA
Manikgonj
Munshiganj
Comilla
Chandpur
Lakshmipur
Noakhali
Feni
Khagrachari Hilltracts
Rangamati Hilltracts
Chittagong
Bandarban Hilltracts
Cox's Bazar
BAY OF BENGAL

## বোর্ডের বিভিন্ন বিভাগ/শাখার কার্যক্রম

### প্রশাসন বিভাগ

**মহাপরিচালকের সরাসরি নিয়ন্ত্রণে বোর্ডের পরিচালক (প্রশাসন), বিভাগটি নিয়ন্ত্রণ করে নিম্নোক্ত কর্মকান্ড পরিচালনা করেন:**

১) বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কার্যালয় ও এর অধীন বিভিন্ন আঞ্চলিক ও জোনাল কার্যালয়ের সকল ধরণের প্রশাসনিক কাজকর্ম যথাঃ ছুটি, পদন্নতি, নিয়োগ, বদলী, বিভাগীয় মামলা দায়ের ও নিষ্পত্তিকরণ ;

২) জমি জমা সংক্রান্ত যাবতীয় কাজকর্ম ও এ সংক্রান্ত আদালতের মামলা পরিচালনা করা;

৩) কমন সার্ভিস সংক্রান্ত যাবতীয় কাজকর্ম সম্পাদন করা এবং বোর্ডের গাড়ী রক্ষণাবেক্ষণ করা;

৪) বোর্ড সভার আয়োজন করা এবং কার্যবিবরণী প্রস্তুত ও তার ফলোআপ করা ;

৫) মন্ত্রণালয় ও সরকারী বিভিন্ন সংস্থার সংগে যোগাযোগকরতঃ প্রশাসনিক বিভিন্ন কাজকর্ম সম্পাদন করা ও এ সংক্রান্ত রিপোর্ট রিটার্ন প্রণয়ন করা;

৬) এ ছাড়া সরকার ও কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য কাজকর্ম সম্পাদন করা।

### অনুমোদিত, পূরণকৃত ও শূন্য পদের তালিকা

**(i) সরকার কর্তৃক প্রেষণে নিয়োজিত কর্মকর্তা**

| ক্রঃনং | পদবী | বেতন স্কেল | গ্রেড | অনুঃ পদ | পূরণকৃত পদ | শূণ্য পদ | পুরুষ | মহিলা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | মহাপরিচালক | স্ব-বেতনে | | ১ | ১ | - | ১ | - |
| ২. | চীফ সায়েন্টিফিক অফিসার | ৫৬৫০০-৭৪৪০০/- | ৩ | ১ | - | ১ | - | |
| ৩. | পরিচালক | ৪৩০০০-৬৯৮৫০/- | ৫ | ৫ | ৪ | ১ | ৩ | ১ |
| মোট | | | | ৭ | ৫ | ২ | ৪ | ১ |

(ii) রেশম উন্নয়ন বোর্ডের ১ম শ্রেণীর জনবল

| ক্রঃনং | পদবী | বেতন স্কেল | গ্রেড | অনুঃ পদ | পূরঃপদ | শূণ্য পদ | পুরুষ | মহিলা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা | ৪৩০০০-৬৯৮৫০/- | ৫ | ১ | - | ১ | - | - |
| ২. | প্রধান পরিকল্পনা কর্মকর্তা | ৪৩০০০-৬৯৮৫০/- | ৫ | ১ | - | ১ | - | - |
| ৩. | প্রধান সম্প্রসারণ কর্মকর্তা | ৪৩০০০-৬৯৮৫০/- | ৫ | ১ | - | ১ | - | - |
| ৪. | প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা | ৪৩০০০-৬৯৮৫০/- | ৫ | ১ | - | ১ | - | - |
| ৫. | প্রধান মনিটরিং কর্মকর্তা | ৪৩০০০-৬৯৮৫০/- | ৫ | ১ | - | ১ | - | - |
| ৬. | উপ-প্রধান পরিকল্পনা | ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | ১ | - | ১ | - | - |
| ৭. | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা | ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | ২ | ১ | ১ | ১ | - |
| ৮. | উপ-প্রধানউৎপাদন কর্মকর্তা | ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | ১ | - | ১ | - | - |
| ৯. | উপ-প্রধান বিপণন কর্মকর্তা | ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | ১ | - | ১ | - | - |
| ১০. | সিনিয়র সায়েন্টিফিক অফিসার | ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | ১১ | - | ১১ | - | - |
| ১১. | নির্বাহী প্রকৌশলী | ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | ১ | ১ | - | ১ | - |
| ১২. | চীফ ইন্সট্রাক্টর | ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | ১ | - | ১ | - | - |
| ১৩. | উপ-প্রধান নিরীক্ষক | ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | ১ | - | ১ | - | - |
| ১৪. | উপ-প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | ১ | - | ১ | - | - |
| ১৫. | উপ-পরিচালক (ফিল্ড) | ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | ৫ | - | ৫ | - | - |
| ১৬. | উপ-পরিচালক(নার্সারী) | ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | ১ | - | ১ | - | - |
| ১৭. | ডিজাইনার | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ১ | - | ১ | - | - |
| ১৮. | সহকারী পরিচালক(মনিটরিং) | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ১ | ১ | - | ১ | - |
| ১৯. | সহকারী পরিচালক(প্রশাসন) | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ৩ | ১ | ২ | ১ | - |
| ২০. | সিনিয়র ইন্সট্রাক্টর | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ২ | - | ২ | - | - |
| ২১. | সায়েন্টিফিক অফিসার | ২২০০০-৫৩০৬০/ | ৯ | ৮ | ৫ | ৩ | ৪ | ১ |

| ক্রঃনং | পদবী | বেতন স্কেল | গ্রেড | অনুঃ পদ | পূরঃপদ | শূণ্য পদ | পুরুষ | মহিলা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩. | গবেষণা কর্মকর্তা (নার্সারী) | ২২০০০-৫৩০৬০/ | ৯ | ১ | - | ১ | - | - |
| ২৪. | সহকারী পরিচালক(সম্প্রঃ/ফিল্ড) | ২২০০০-৫৩০৬০/ | ৯ | ৮ | ১ | ৭ | ১ | - |
| ২৫. | সহকারী প্রকৌশলী(তড়িৎ) | ২২০০০-৫৩০৬০/ | ৯ | ১ | ১ | - | ১ | - |
| ২৬. | সহকারী প্রকৌশলী(সিভিল) | ২২০০০-৫৩০৬০/ | ৯ | ১ | - | ১ | - | - |
| ২৭. | সহকারী পরিচালক(লিয়াজো) | ২২০০০-৫৩০৬০/ | ৯ | ১ | - | ১ | - | - |
| ২৮. | ল-এন্ড এস্টেট অফিসার | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ১ | - | ১ | - | - |
| ২৯. | হিসাব রক্ষণ কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ৩ | ৩ | - | ৩ | - |
| ৩০. | সহকারী পরিচালক(নার্সারী) | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ৩ | ২ | ১ | ২ | - |
| ৩১. | জনসংযোগ কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ১ | ১ | - | ১ | - |
| ৩২. | সম্প্রসারণ কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ২ | ২ | - | ২ | - |
| ৩৩. | বিপণন কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ১ | - | ১ | - | - |
| ৩৪. | বিক্রয় কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ১ | - | ১ | - | - |
| ৩৫. | আমদানী ও রপ্তানী কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ১ | - | ১ | - | - |
| ৩৬. | উৎপাদন কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০/ | ৯ | ১ | - | ১ | - | - |
| ৩৭. | সহকারী প্রোগ্রামার | ২২০০০-৫৩০৬০/ | ৯ | ১ | - | ১ | - | - |
| ৩৮. | নিরীক্ষা কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ১ | - | ১ | - | - |
| ৩৯. | বাজেট কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ১ | ১ | - | ১ | - |
| ৪০. | পরিসংখ্যান কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০/- | ৯ | ১ | - | ১ | - | - |
| | | মোট- | | ৭৭ | ২০ | ৫৭ | ১৯ | ১ |

## (iii) রেশম উন্নয়ন বোর্ডের ২য় শ্রেণীর জনবল

| ক্রঃনং | পদবী | বেতন স্কেল | গ্রেড | অনুঃপদ | পূরণকৃত পদ | শূণ্য পদ | পুরুষ | মহিলা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | সিনিয়র লাইব্রেরীয়ান | ১৬০০০-৩৮৬৪০/- | ১০ | ১ | ১ | - | ১ | |
| ২. | এসিসঃ সায়েন্টিফিক অফিসার | ১৬০০০-৩৮৬৪০/- | ১০ | ৪ | ১ | ৩ | - | ১ |
| ৩. | ইন্সট্রাক্টর | ১৬০০০-৩৮৬৪০/- | ১০ | ৩ | ১ | ২ | - | ১ |
| ৪. | টেকনিক্যাল অফিসার | ১৬০০০-৩৮৬৪০/- | ১০ | ৪ | - | ৪ | - | |
| ৫. | উপ-সহকারী প্রকৌশলী(যান্ত্রিক) | ১৬০০০-৩৮৬৪০/- | ১০ | ১ | ১ | - | ১ | |
| ৬. | উপ-সহকারী প্রকৌশলী(সিভিল) | ১৬০০০-৩৮৬৪০/- | ১০ | ১ | - | ১ | | |
| ৭. | ম্যানেজার (সম্প্রসারণ) | ১৬০০০-৩৮৬৪০/- | ১০ | ১৯ | ৭ | ১২ | ৫ | ২ |
| ৮. | ফার্ম ম্যানেজার | ১৬০০০-৩৮৬৪০/- | ১০ | ৪ | ১ | ৩ | ১ | |
| ৯. | উপ-সহকারী প্রকৌশলী(তড়িৎ) | ১৬০০০-৩৮৬৪০/- | ১০ | ১ | - | ১ | | |
| ১০. | এষ্টিমেটর | ১৬০০০-৩৮৬৪০/- | ১০ | ১ | - | ১ | | |
| ১১. | সাব-এসিঃ সায়েন্টিফিক অফিসার | ১২৫০০-৩০২৩০/- | ১১ | ১০ | ১ | ৯ | ১ | |
| ১২. | প্রশাসনিক কর্মকর্তা | ১২৫০০-৩০২৩০/- | ১১ | ২ | ১ | ১ | ১ | |
| ১৩. | লাইব্রেরিয়ান | ১২৫০০-৩০২৩০/- | ১১ | ১ | - | ১ | | |
| ১৪. | সহকারী ফার্ম ম্যানেজার | ১২৫০০-৩০২৩০/- | ১১ | ২ | - | ২ | | |
| ১৫. | সহকারী ম্যানেজার (সম্প্রসারণ) | ১২৫০০-৩০২৩০/- | ১১ | ৯ | ১ | ৮ | - | ১ |
| ১৬. | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | ১২৫০০-৩০২৩০/- | ১১ | ৯ | ৩ | ৬ | ৩ | ১ |
| **মোট-** | | | | **৭২** | **১৮** | **৫৪** | **১২** | **৬** |

## (iv) রেশম উন্নয়ন বোর্ডের ৩য় শ্রেণীর জনবল

| ক্রঃনং | পদবী | বেতন স্কেল | গ্রেড | অনুঃ পদ | পূরণকৃত পদ | শূণ্য পদ | পুরুষ | মহিলা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পরিদর্শক | ১১০০০-১৬২৮০/- | ১৩ | ৩ | - | ৩ | - | |
| ২. | সাঁটলিপিকার-কাম-কম্পিঃ অপারেটর | ১১০০০-১৬২৮০/- | ১৩ | ৮ | ৪ | ৪ | ৩ | ১ |
| ৩. | কম্পিউটার অপারেটর | ১১০০০-১৬২৮০/- | ১৩ | ১ | - | ১ | | - |
| ৪. | সাঁট মুদ্রাক্ষঃ-কাম-কম্পিঃ অপারেটর | ১০২০০-২৪৬৮০/- | ১৪ | ১ | ১ | - | ১ | - |

| ক্রঃনং | পদবী | বেতন স্কেল | গ্রেড | অনুঃ পদ | পূরণকৃত পদ | শূণ্য পদ | পুরুষ | মহিলা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | গবেষণা সহকারী(পরিকল্পনা) | ১০২০০-২৪৬৮০/- | ১৪ | ১ | ১ | - | - | ১ |
| ৬. | উচ্চমান সহকারী | ১০২০০-২৪৬৮০/- | ১৪ | ৯ | ৪ | ৫ | ২ | ২ |
| ৭. | ফটোগ্রাফার | ১০২০০-২৪৬৮০/- | ১৪ | ১ | ১ | - | ১ | - |
| ৮. | ভান্ডার রক্ষক | ১০২০০-২৪৬৮০/- | ১৪ | ৪ | ৩ | ১ | ১ | ২ |
| ৯. | সহকারী হিসাব রক্ষক | ১০২০০-২৪৬৮০/- | ১৪ | ১১ | ৭ | ৪ | ৭ | - |
| ১০. | ক্যাশিয়ার | ১০২০০-২৪৬৮০/- | ১৪ | ২ | - | ২ | - | - |
| ১১. | ড্রাফ্টস্‌ম্যান | ৯৭০০-২৩৪৯০/ | ১৫ | ১ | - | ১ | - | - |
| ১২. | টেকনিক্যাল সুপারভাইজার | ৯৭০০-২৩৪৯০/ | ১৫ | ১২৭ | ৬ | ১২১ | ৬ | - |
| ১৩. | অফিস সহঃ কামকম্পিঃ অপারেটর | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ৪০ | ১৪ | ২৬ | ৭ | ৭ |
| ১৪. | বিক্রয় সহকারী | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ২ | - | ২ | - | |
| ১৫. | কেয়ারটেকার | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১ | - | ১ | - | |
| ১৬. | এয়ারকন্ডিশন অপারেটর | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১ | ১ | - | ১ | |
| ১৭. | এন্ডি স্পীনার | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১১ | - | ১ | - | |
| ১৮. | বীজ পরীক্ষক | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১১ | ২ | ৯ | ২ | |
| ১৯. | মেকানিক | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ৩ | - | ৩ | - | |
| ২০. | ড্রাইভার | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১২ | ৩ | ৯ | ৩ | |
| ২১. | ইলেকট্রিশিয়ান | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১ | - | ১ | - | |
| ২২. | ল্যাবরেটরি এসিসটেন্ট | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ৯ | ২ | ৭ | ২ | - |
| ২৩. | ওয়াপার কাম-সাইজার | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১ | ১ | - | ১ | |
| ২৪. | এক্সপার্ট উইভার | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ৪ | - | ৪ | - | |
| ২৫. | এক্সপার্ট রিলার | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১০ | ২ | ৮ | ১ | ১ |
| ২৬. | ব্লক কাটার | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১ | - | ১ | - | |
| ২৭. | ব্লক মেকার | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১ | ১ | - | ১ | |
| ২৮. | স্কীন মেকার | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১ | ১ | - | - | ১ |
| ২৯. | পিএবিএক্স অপারেটর | ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১ | ১ | - | - | ১ |
| ৩০. | জেনারেটর-কাম-কোল্ড-স্টোঃ অপাঃ | ৯০০০-২১৮০০/- | ১৭ | ২ | - | ২ | - | |
| ৩১. | কার্পেন্টার | ৮৮০০-২১৩১০/- | ১৮ | ১ | ১ | - | ১ | |
| ৩২. | পাম্প চালক | ৮৮০০-২১৩১০/- | ১৮ | ১ | ১ | - | ১ | |
| ৩৩. | জুনিয়র ক্যাশিয়ার | ৮৮০০-২১৩১০/- | ১৮ | ১ | ১ | - | ১ | |
| ৩৪. | রিলার | ৮৮০০-২১৩১০/- | ১৮ | ৭ | ২ | ৫ | ১ | ১ |
| ৩৫. | ফটোকপিয়ার অপারেটস | ৮৮০০-২১৩১০/- | ১৮ | ১ | ১ | - | - | ১ |
| ৩৬. | রেকর্ড সাপ্লায়ার | ৮৮০০-২১৩১০/- | ১৮ | ১ | ১ | - | ১ | |
| ৩৭. | সহঃ মেকানিক কাম ইলেকট্রিশিয়ান | ৮৮০০-২১৩১০/- | ১৮ | ৩ | ৩ | - | ৩ | |
| ৩৮. | স্কিল্ড উইভার কাম স্পিনার | ৮৮০০-২১৩১০/- | ১৮ | ২ | ১ | ১ | ১ | |
| ৩৯. | ল্যাবরেটরী বয় | ৮৮০০-২১৩১০/- | ১৮ | ২ | ২ | - | ১ | ১ |
| ৪০. | এক্সপার্ট প্যান্টার | ৮৮০০-২১৩১০/- | ১৮ | ৩০ | ২ | ২৮ | ২ | |
| ৪১. | এক্সপার্ট রিয়ারার | ৮৮০০-২১৩১০/- | ১৮ | ৩৬ | ২০ | ১৬ | ২০ | |
| ৪২. | ফিল্ড ম্যান | ৮৮০০-২১৩১০/- | ১৮ | ১ | ১ | - | ১ | |
| মোট- | | | | ৩৬৭ | ৯১ | ২৭৬ | ৭২ | ১৯ |

## (V) রেশম বোর্ডের ৪র্থ শ্রেণীর জনবল

| ক্রঃনং | পদবী | বেতন স্কেল | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূণ্য পদ | পুরুষ | মহিলা |
|---|---|---|---|---|---|---|---|
| ২. | অফিস সহায়ক | ৮২৫০-২০০১০/- | ৫৮ | ২০ | ৩৮ | ১৩ | ৭ |
| | মোট- | | ৫৮ | ২০ | ৩৮ | ১৩ | ৭ |

### আইন, বিধি, নীতি, নির্দেশনা (সংস্কার কার্যক্রম) প্রণয়ন

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড আইন/২০১৩ এর ধারাবাহিকতায় বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোসহ কর্মচারী চাকুরী প্রবিধানমালা ও নিয়োগ তফসিল প্রণয়নের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

## মামলার তথ্য

### বিভিন্ন আদালতে বিচারাধীন মামলার সংক্ষিপ্ত তথ্যাদি জুন/২০২২

| ক্রঃ নং | মামলার বিবরণ | | ১৭টি |
|---|---|---|---|
| ক. | সম্পত্তি সংক্রান্ত মামলা মোট | | |
| ১) | বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপীল বিভাগে বিচারাধীন মামলা | | |
| ২) | হাইকোর্ট বিভাগে বিচারাধীন মামলা | ০২টি | |
| ৩) | জেলা দেওয়ানী আদালতে বিচারাধীন মামলা | ০১টি | |
| খ. | প্রশাসনিক বিষয় সংক্রান্ত মামলা মোট | ১৪টি | |
| ১) | বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপীল বিভাগে বিচারাধীন মামলা | | ২৪টি |
| ২) | বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে বিচারাধীন মামলা | ০৩টি | |
| ৩) | জেলা জজ আদালতে বিচারাধীন মামলা | ১০টি | |
| ৪) | বিভাগীয় শ্রম আদালতে বিচারাধীন মামলা | ০১টি | |
| ৫) | বিজ্ঞ ম্যাজিস্ট্রেট আদালতে বিচারাধীন মামলা | ০৫টি | |
| | | সর্বমোট= | ৪১টি |

### বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য

| ক্রঃনং | কার্যালয়ের নাম | মোট মামলার সংখ্যা | | ২০২১-২২ বছরে নিস্পত্তির সংখ্যা | | ২০২১-২২ বছরে আগত মামলার | | ২০২১-২২ বছর শেষে মোট মামলা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কোর্ট মামলা | বিভাগীয় মামলা | কোর্ট মামলা | বিভাগীয় মামলা | কোর্ট মামলা | বিভাগীয় মামলা | কোর্ট মামলা | বিভাগীয় মামলা |
| ১. | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী | ৩৯টি | ১১টি | ২টি | ১টি | ৪ | ২ | ৪১টি | ১২টি |

## অর্থ ও পরিকল্পনা বিভাগ

পরিচালক (অর্থ ও পরিকল্পনা) এ বিভাগের প্রধান এবং তাঁর নিয়ন্ত্রনে এ বিভাগটির নিম্নোক্ত কর্মকান্ড পরিচালিত হয়:

১ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এবং আওতাধীন সকল আঞ্চলিক ও জোনাল কার্যালয়ের রাজস্ব ও উন্নয়ন বাজেট প্রণয়ন এবং তা মন্ত্রণালয়ে প্রেরণ ;

২ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড ও আওতাধীন আঞ্চলিক ও জোনাল কার্যালয় সমূহের যাবতীয় আর্থিক লেনদেন তদারকি, অর্থ ছাড়সহ হিসাব সংক্রান্ত যাবতীয় বিষয়ে দিক নির্দেশনা প্রদান ও নিয়ন্ত্রণ ;

৩ নিরীক্ষা কাজে সহায়তা প্রদান এবং সরকারি বাণিজ্যিক নিরীক্ষা কর্তৃক উত্থাপিত আপত্তিসমূহের নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ ;

৪ মন্ত্রণালয় ও অন্যান্য সরকারী সংস্থাতে অর্থ ছাড়ের ব্যাপারে যোগাযোগ, অর্থ ছাড়ের ব্যবস্থাকরণ এবং এ ব্যাপারে চাহিদাকৃত রিপোর্ট রির্টান প্রদান ;

৫ অর্থ সংক্রান্ত সরকারী অন্যান্য আদেশ/নির্দেশ পালন করা ।



## রাজস্ব বাজেট বরাদ্দ ও ব্যয়

২০২১-২২ অর্থ বছরে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের নিজস্ব আয়সহ সংশোধিত রাজস্ব বাজেটের আয় ও ব্যয়ের তথ্য নিম্নে উল্লেখ করা হলো:

| | |
|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ | : বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| অধিদপ্তর | : বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। |
| অপারেশন ইউনিট/কর্মসুচী | : পরিচালন (রাজস্ব ব্যয়) |
| অর্থ বছর | : অর্থ বছর - ২০২১-২২ |

(অংক সমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | আইটেম | প্রাক্কলিত ব্যয় | | | | বাজেট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম কোয়াটার | ২য় কোয়াটার | ৩য় কোয়াটার | ৪র্থ কোয়াটার | বরাদ্দ/প্রাক্কলিত ব্যয় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩১১১১০১ | মূল বেতন (অফিসার) | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১৩৪০০ | ১৩৪০০ | ৫৬০০ | ৫৬০০ | ৩৮০০০ | |
| | প্রকৃত ব্যয় | ৮২৮৬ | ৭২৭১ | ৮২৩৮ | ৭৯৭১ | ৩১৭৬৬ | |
| উপমোট প্রাক্কলিত ব্যয় | | ১৩৪০০ | ১৩৪০০ | ৫৬০০ | ৫৬০০ | ৩৮০০০ | |
| উপমোট প্রকৃত ব্যয় | | ৮২৮৬ | ৭২৭১ | ৮২৩৮ | ৭৯৭১ | ৩১৭৬৬ | |
| ৩১১১২০১ | মূল বেতন (কর্মচারী) | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১৭৪৭৫ | ১৭৪৭৫ | ১২০২৫ | ১২০২৫ | ৫৯০০০ | |
| | প্রকৃত ব্যয় | ১৪৭০৫ | ১২৮২৪ | ১২৫৬৮ | ১০৪৩৭ | ৫০৫৩৪ | |
| উপমোট প্রাক্কলিত ব্যয় | | ১৭৪৭৫ | ১৭৪৭৫ | ১২০২৫ | ১২০২৫ | ৫৯০০০ | |
| উপমোট প্রকৃত ব্যয় | | ১৪৭০৫ | ১২৮২৪ | ১২৫৬৮ | ১০৪৩৭ | ৫০৫৩৪ | |
| উপমোট -বেতন বাবদ সহায়তা প্রাক্কলিত ব্যয় | | ৩০৮৭৫ | ৩০৮৭৫ | ১৭৬২৫ | ১৭৬২৫ | **৯৭০০০** | |
| উপমোট -বেতন বাবদ সহায়তা প্রকৃত ব্যয় | | ২২৯৯১ | ২০০৯৫ | ২০৮০৬ | ১৮৪০৮ | **৮২৩০০** | |
| ৩৬৩১১০২ | ভাতাদি বাবদ সহায়তা | | | | | ০ | |
| ৩১১১৩০১ | দায়িত্ব ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৫৭৫ | ৫৭৫ | ১৭৫ | ১৭৫ | ১৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ২২৯ | ৩২৪ | ৪২৩ | ৩৩২ | ১৩০৮ | |
| ৩১১১৩০২ | যাতায়াত ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১১৩ | ১১২ | ১১৩ | ১১২ | ৪৫০ | |
| | প্রকৃত ব্যয় | ১৪৬ | ৯৩ | ৪৫ | ৭৫ | ৩৫৯ | |
| ৩১১১৩০৬ | শিক্ষা ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৪৫০ | ৪৫০ | ৪৫০ | ৪৫০ | ১৮০০ | |
| | প্রকৃত ব্যয় | ২৩৩ | ৩৫৫ | ৪৫৬ | ২৮১ | ১৩২৫ | |
| ৩১১১৩০৯ | পাহাড়ি ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৬২ | ৬৩ | ১২ | ১৩ | ১৫০ | |
| | প্রকৃত ব্যয় | ১২ | ৬০ | ৩৬ | ২৬ | ১৩৪ | |
| ৩১১১৩১০ | বাড়ীভাড়া ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৯৫৬৩ | ৯৫৬২ | ৬৪৩৮ | ৬৪৩৭ | ৩২০০০ | |
| | প্রকৃত ব্যয় | ৭৪২৪ | ৮৭৪৬ | ৬৫৫১ | ৭৪৫৪ | ৩০১৭৫ | |

(অংক সমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | আইটেম | প্রাক্কলিত ব্যয় | | | | বাজেট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম কোয়াটার | ২য় কোয়াটার | ৩য় কোয়াটার | ৪র্থ কোয়াটার | বরাদ্দ/প্রাক্কলিত ব্যয় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১১৭৫ | ১১৭৫ | ১০৭৫ | ১০৭৫ | ৪৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ১০৪১ | ১০১৮ | ১০১৫ | ৯২৬ | ৪০০০ | |
| ৩১১১৩১২ | মোবাইল/সেলফোন ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৮৭ | ৮৮ | ৮৭ | ৮৮ | ৩৫০ | |
| | প্রকৃত ব্যয় | ২৫ | ৩৮ | ২০ | ১১১ | ১৯৪ | |
| ৩১১১৩১৪ | টিফিন ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১২৫ | ১২৫ | ১৭৫ | ১৭৫ | ৬০০ | |
| | প্রকৃত ব্যয় | ৯৫ | ৯৮ | ৯০ | ৭৯ | ৩৬২ | |
| ৩১১১৩১৬ | ধোলাই ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩৮ | ৩৭ | ১২ | ১৩ | ১০০ | |
| | প্রকৃত ব্যয় | ১৬ | ১৫ | ১৫ | ১৪ | ৬০ | |
| ৩১১১৩২৫ | উৎসব ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩৭৫০ | ৩৭৫০ | ৫২৫০ | ৫২৫০ | ১৮০০০ | |
| | প্রকৃত ব্যয় | ৫৫৯৫ | ৪০২ | ৪৬০ | ৯৫৫৪ | ১৬০১১ | |
| ৩১১১৩২৭ | অধিকাল ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩২৫ | ৩২৫ | ৭৫ | ৭৫ | ৮০০ | |
| | প্রকৃত ব্যয় | ১১২ | ১৩৩ | ১০৯ | ২৮১ | ৬৩৫ | |
| ৩১১১৩২৮ | শ্রান্তি ও বিনোদন ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২২৫ | ২২৫ | ২৭৫ | ২৭৫ | ১০০০ | |
| | প্রকৃত ব্যয় | ৩৪ | ২০০ | ১৯৬ | ৩৫৩ | ৭৮৩ | |
| ৩১১১৩৩১ | আপ্যায়ন ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২৫ | ২৫ | | | ৫০ | |
| | প্রকৃত ব্যয় | ৭ | ৭ | ৭ | ৬ | ২৭ | |
| ৩১১১৩৩৫ | বাংলা নববর্ষ ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৪৭৫ | ৪৭৫ | ২২৫ | ২২৫ | ১৪০০ | |
| | প্রকৃত ব্যয় | | | ৭৯৬ | ২৮৫ | ১০৮১ | |
| ৩১১১৩৩৮ | অন্যান্য ভাতা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | | | | | - | |
| | প্রকৃত ব্যয় | - | - | | | - | |
| উপমোট -ভাতাদি বাবদ সহায়তা প্রাক্কলিত ব্যয় | | ১৬৯৮৮ | ১৬৯৮৭ | ১৪৩৬২ | ১৪৩৬৩ | ৬২৭০০ | |
| উপমোট -ভাতাদি বাবদ সহায়তা প্রকৃত ব্যয় | | ১৪৯৬৯ | ১১৪৮৯ | ১০২১৯ | ১৯৭৭৭ | ৫৬৪৫৪ | |
| ৩৬৩১১০৩ | পণ্য ও সেবার ব্যবহার | | | | | | |
| ৩২১১১০৪ | আনুসাঙ্গিক কর্মচারী/প্রাতিষ্ঠান | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | | | | | - | |

(অংক সমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | আইটেম | প্রাক্কলিত ব্যয় | | | | বাজেট বরাদ্দ/প্রাক্কলিত ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | প্রকৃত ব্যয় | - | - | - | | - | |
| ৩২১১১০৬ | আপ্যায়ন ব্যয় | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩৫০ | ৩৫০ | ৫৫০ | ৫৫০ | ১৮০০ | |
| | প্রকৃত ব্যয় | ১৩৫ | ২৪১ | ১৬৪ | ৪২০ | ৯৬০ | |
| ৩২১১১১০ | আইন সংক্রান্ত ব্যয় | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২৭৫ | ২৭৫ | ২৭৫ | ২৭৫ | ১১০০ | |
| | প্রকৃত ব্যয় | | ৩৬ | ৯৭ | ১৯১ | ৩২৪ | |
| ৩২১১১১১ | সেমিনার এবং কনফারেন্স | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩২৫ | ৩২৫ | ৪২৫ | ৪২৫ | ১৫০০ | |
| | প্রকৃত ব্যয় | | ২৬৫ | ৪৩০ | ৩৩৮ | ১০৩৩ | |
| ৩২১১১১৩ | বিদ্যুৎ | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২১২৫ | ২১২৫ | ৩৮৭৫ | ৩৮৭৫ | ১২০০০ | |
| | প্রকৃত ব্যয় | ১৩৫৩ | ১২৮৭ | ২১৫২ | ২৬৭০ | ৭৪৬২ | |
| ৩২১১১১৫ | পানি | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২৫ | ২৫ | ১২৫ | ১২৫ | ৩০০ | |
| | প্রকৃত ব্যয় | ৬ | ৭ | ৪০ | ৬০ | ১১৩ | |
| ৩২১১১১৭ | ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩০০ | ৩০০ | ৩০০ | ৩০০ | ১২০০ | |
| | প্রকৃত ব্যয় | ১৬৯ | ৩৪৮ | ২৬৫ | ২৬৫ | ১০৪৭ | |
| ৩২১১১১৯ | ডাক | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৬৩ | ৬২ | ৩৮ | ৩৭ | ২০০ | |
| | প্রকৃত ব্যয় | ৯ | ১৪ | ২১ | ২৮ | ৭২ | |
| ৩২১১১২০ | টেলিফোন | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ৬০০ | |
| | প্রকৃত ব্যয় | ৫২ | ৬৩ | ১০৩ | ১৭০ | ৩৮৮ | |
| ৩২১১১২১ | মেশিন ও সরঞ্জামাদি ভাড়া | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২৫ | ২৫ | ২৫ | ২৫ | ১০০ | |
| | প্রকৃত ব্যয় | | | | | ০ | |
| ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপন ব্যয় | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২২৫ | ২২৫ | ২৫ | ২৫ | ৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ১৮ | ১৯২ | ২৩০ | ৫৩ | ৪৯৩ | |
| ৩২১১১২৭ | বইপত্র ও সাময়িকী | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১০০ | ১০০ | ১৫০ | ১৫০ | ৫০০ | |

(অংক সমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | আইটেম | প্রাক্কলিত ব্যয় | | | | বাজেট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম কোয়াটার | ২য় কোয়াটার | ৩য় কোয়াটার | ৪র্থ কোয়াটার | বরাদ্দ/প্রাক্কলিত ব্যয় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩২১১১২৯ | অফিস ভবন ভাড়া | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩০০ | ৩০০ | ৩০০ | ৩০০ | ১২০০ | |
| | প্রকৃত ব্যয় | ৩৪১ | ৩৪৬ | ৪১৫ | ৭৩ | ১১৭৫ | |
| ৩২১১১৩৪ | শ্রমিক (অনিয়মিত) মজুরী | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৯২৫০ | ৯২৫০ | ৯২৫০ | ৯২৫০ | ৩৭০০০ | |
| | প্রকৃত ব্যয় | ৫৬৭২ | ৯৮১৪ | ৯৯১৮ | ১১০২৮ | ৩৬৪৩২ | |
| ৩২২১১০১ | নিরীক্ষা/সমীক্ষা ফি | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩৭ | ৩৮ | ৬২ | ৬৩ | ২০০ | |
| | প্রকৃত ব্যয় | | | | | ০ | |
| ৩২২১১০৬ | পরিবহন ব্যয় | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১৫০ | ১৫০ | ২৫০ | ২৫০ | ৮০০ | |
| | প্রকৃত ব্যয় | ৪০ | ১৫১ | ৩১৯ | ২৩৯ | ৭৪৯ | |
| ৩২২১১০৮ | ব্যাংক চার্জ | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৬৩ | ৬২ | ১৩৮ | ১৩৭ | ৪০০ | |
| | প্রকৃত ব্যয় | ৬ | ১৪ | ৪৯ | ১৩২ | ২০১ | |
| ৩২৩১৩০১ | প্রশিক্ষণ | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৪২৫ | ৪২৫ | ৬৭৫ | ৬৭৫ | ২২০০ | |
| | প্রকৃত ব্যয় | ২৮৮ | ৮৪০ | ৩৬৭ | ৫২৬ | ২০২১ | |
| ৩২৪৩১০১ | পেট্রোল ওয়েল এন্ড লুব্রিকেন্ট | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৬৫০ | ৬৫০ | ৮৫০ | ৮৫০ | ৩০০০ | |
| | প্রকৃত ব্যয় | ৬০৯ | ৪৮৯ | ৮৫৪ | ৮৮১ | ২৮৩৩ | |
| ৩২৪৩১০২ | গ্যাস ও জ্বালানি | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৮৭ | ৮৮ | ১৬২ | ১৬৩ | ৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ৬৩ | ৮৪ | ১৬১ | ১১৭ | ৪২৫ | |
| ৩২৪৪১০১ | ভ্রমন ব্যয় | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২৩৭৫ | ২৩৭৫ | | | ৪৭৫০ | |
| | প্রকৃত ব্যয় | ৫৮০ | ১৩৩৬ | ১৪১৬ | ১২২২ | ৪৫৫৪ | |
| ৩২৫১১০৫ | সার | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৫০০ | ৫০০ | ৭৫০ | ৭৫০ | ২৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ৭৯ | ৩৮৫ | ৫২৪ | ১২৪৬ | ২২৩৪ | |
| ৩২৫৩১০৩ | নিরাপত্তা সেবা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৬৭৫ | ৬৭৫ | ৬৭৫ | ৬৭৫ | ২৭০০ | |
| | প্রকৃত ব্যয় | ৭১৮ | ৪২৪ | ৪৬৯ | ৯৮৫ | ২৫৯৬ | |
| ৩২৫৫১০২ | মুদ্রণ ও বাঁধাই | | | | | | |

(অংক সমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | আইটেম | প্রাক্কলিত ব্যয় | | | | বাজেট বরাদ্দ/প্রাক্কলিত ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম কোয়াটার | ২য় কোয়াটার | ৩য় কোয়াটার | ৪র্থ কোয়াটার | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | প্রাক্কলিত ব্যয় | ১২৫ | ১২৫ | ১২৫ | ১২৫ | ৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ২৪ | ২৪ | ২৬ | ১৪১ | ২১৫ | |
| ৩২৫৫১০৫ | অন্যান্য মনিহারি | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১২৫ | ১২৫ | ২২৫ | ২২৫ | ৭০০ | |
| | প্রকৃত ব্যয় | ১৭ | ৩৪ | ৩২৯ | ৯০ | ৪৭০ | |
| ৩২৫৫১০৪ | ষ্ট্যাম্প ও সীল | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১২৫ | ১২৫ | ১২৫ | ১২৫ | ৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ৭৮ | ২৪২ | ৭৪ | ৭৮ | ৪৭২ | |
| ৩২৫৬১০২ | রাসায়নিক | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৪০০ | ৪০০ | ৪০০ | ৪০০ | ১৬০০ | |
| | প্রকৃত ব্যয় | ৪৪ | ১৭১ | ১৯৮ | ৯৭৫ | ১৩৮৮ | |
| ৩২৫৬১০৩ | ব্যবহার্য দ্রব্যাদি | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৫০ | ৫০ | ১৫০ | ১৫০ | ৪০০ | |
| | প্রকৃত ব্যয় | ১৮ | ২৬ | ৩৭ | ২৮১ | ৩৬২ | |
| ৩২৫৬১০৬ | পোষাক | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১২৫ | ১২৫ | ২২৫ | ২২৫ | ৭০০ | |
| | প্রকৃত ব্যয় | ২ | ২২ | ৭৩ | ২৯৩ | ৩৯০ | |
| ৩২৫৭১০১ | কনসালটেন্সি | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | | | | | ০ | |
| | প্রকৃত ব্যয় | | | | | ০ | |
| ৩২৫৭২০৬ | সম্মানী/পারিতোষিক | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২০০ | ২০০ | ৪৫০ | ৪৫০ | ১৩০০ | |
| | প্রকৃত ব্যয় | ১১ | ২৬ | ১০৮ | ৭২৩ | ৮৬৮ | |
| ৩২৫৭৩০১ | অনুষ্ঠান/উৎসবাদি | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২৭৫ | ২৭৫ | ৪৭৫ | ৪৭৫ | ১৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ৬৪ | ৯৬ | ১৮৮ | ১১৮ | ৪৬৬ | |
| ৩২৫৮১০১ | মোটরযান | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২২৫ | ২২৫ | ২৭৫ | ২৭৫ | ১০০০ | |
| | প্রকৃত ব্যয় | ৫৩ | ১৪৫ | ১৫৭ | ৬০০ | ৯৫৫ | |
| ৩২৫৮১০২ | আসবাবপত্র | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০০ | |
| | প্রকৃত ব্যয় | ২৫ | ২৫ | ৫১ | ৮২ | ১৮৩ | |
| ৩২৫৮১০৩ | কম্পিউটার | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২২৫ | ২২৫ | ২২৫ | ২২৫ | ৯০০ | |

(অংক সমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | আইটেম | প্রাক্কলিত ব্যয় | | | | বাজেট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম কোয়াটার | ২য় কোয়াটার | ৩য় কোয়াটার | ৪র্থ কোয়াটার | বরাদ্দ/প্রাক্কলিত ব্যয় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | প্রকৃত ব্যয় | ২৯ | ৭২ | ৯১ | ৪১৯ | ৬১১ | |
| ৩২৫৮১০৫ | অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১৭৫ | ১৭৫ | ৭৫ | ৭৫ | ৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ২০ | ১৫৬ | ৯১ | ১৭৭ | ৪৪৪ | |
| ৩২৫৮১০৮ | অন্যান্য ভবন ও স্থাপনা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৫০০ | ৫০০ | ৫০০ | ৫০০ | ২০০০ | |
| | প্রকৃত ব্যয় | | ৩৫ | ৪০ | ১৯২২ | ১৯৯৭ | |
| ৩২৫৮১৪০ | মোটরযান রক্ষণাবেক্ষ ব্যয় | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৯০০ | ৯০০ | ৯০০ | ৯০০ | ৩৬০০ | |
| | প্রকৃত ব্যয় | ৭৭৯ | ৭৭৮ | ৬০৫ | ৬০৮ | ২৭৭০ | |
| উপমোট পণ্য ও সেবা বাবদ সহায়তা প্রাক্কলিত ব্যয় | | ২১৯৭৫ | ২১৯৭৫ | ২৩২৫০ | ২৩২৫০ | ৯০৪৫০ | |
| উপমোট পণ্য ও সেবা বাবদ সহায়তা প্রকৃত ব্যয় | | ১১৩১৪ | ১৮২২২ | ২০০৯৪ | ২৭২৩৯ | ৭৬৮৬৯ | |
| ৩৬৩১১০৪ | পেনশন ও অবসর সুবিধা সহায়তা | | | | | ০ | |
| ৩৪২১৫০৬ | কন্টিবিউটারী ভবিষ্যত তহবিল | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ০ | ০ | ০ | ০ | ০ | |
| | প্রকৃত ব্যয় | | | | | ০ | |
| ৩৭২১১০২ | কল্যান অনুদান | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ০ | ০ | ০ | ০ | ০ | |
| | প্রকৃত ব্যয় | | | | | ০ | |
| ৩৭৩১১০১ | আনুতোষিক | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১৯৩৭৫ | ১৯৩৭৫ | ১৯৩৭৫ | ১৯৩৭৫ | ৭৭৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ৬৯৯৫ | ৫০৬৬৫ | ১৬০৪৭ | ৩৭৯৩ | ৭৭৫০০ | |
| উপমোট পেনশন ও অবসর সুবিধা সহায়তা প্রাক্কলিত ব্যয় | | ১৯৩৭৫ | ১৯৩৭৫ | ১৯৩৭৫ | ১৯৩৭৫ | **৭৭৫০০** | |
| উপমোট পেনশন ও অবসর সুবিধা সহায়তা প্রকৃত ব্যয় | | ৬৯৯৫ | ৫০৬৬৫ | ১৬০৪৭ | ৩৭৯৩ | **৭৭৫০০** | |
| ৩৬৩১১০৮ | গবেষণা অনুদান | | | | | ০ | |
| ৩২৫৭১০৩ | গবেষণা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৫০০ | ৫০০ | | | ১০০০ | |
| | প্রকৃত ব্যয় | ১৮৯ | ৪২৬ | ৩৪০ | ৪৫ | ১০০০ | |
| উপমোট গবেষণা অনুদান প্রাক্কলিত ব্যয় | | ৫০০ | ৫০০ | ০ | ০ | ১০০০ | |
| উপমোট গবেষণা অনুদান প্রকৃত ব্যয় | | ১৮৯ | ৪২৬ | ৩৪০ | ৪৫ | **১০০০** | |
| ৩৬৩১১৯৯ | অন্যান্য অনুদান | | | | | ০ | |
| ৩৮২১১০২ | ভুমি উন্নয়ন কর | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩২৫ | ৩২৫ | ৩২৫ | ৩২৫ | ১৩০০ | |
| | প্রকৃত ব্যয় | ২৭ | ২৫ | ৪৯২ | ৫২৬ | ১০৭০ | |

(অংক সমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | আইটেম | প্রাক্কলিত ব্যয় | | | | বাজেট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম কোয়াটার | ২য় কোয়াটার | ৩য় কোয়াটার | ৪র্থ কোয়াটার | বরাদ্দ/প্রাক্কলিত ব্যয় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩৮২১১০৩ | পৌর কর | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৫৫০ | ৫৫০ | ৫৫০ | ৫৫০ | ২২০০ | |
| | প্রকৃত ব্যয় | ৫২৯ | ৭২৩ | ২২৯ | ৬৮৭ | ২১৬৮ | |
| ৩৮২১১১৬ | বীমা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১৫০ | ১৫০ | ২০০ | ২০০ | ৭০০ | |
| | প্রকৃত ব্যয় | | ১০০ | ১৮৩ | | ২৮৩ | |
| উপমোট অন্যান্য অনুদান প্রাক্কলিত ব্যয় | | ১০২৫ | ১০২৫ | ১০৭৫ | ১০৭৫ | ৪২০০ | |
| উপমোট অন্যান্য অনুদান প্রকৃত ব্যয় | | ৫৫৬ | ৮৪৮ | ৯০৪ | ১২১৩ | ৩৫২১ | |
| উপমোট আবর্তক অনুদান প্রাক্কলিত ব্যয় | | ৯০৭৩৮ | ৯০৭৩৭ | ৭৫৬৮৭ | ৭৫৬৮৮ | ৩৩২৮৫০ | |
| উপমোট আবর্তক অনুদান প্রকৃত ব্যয় | | ৫৭০১৪ | ১০১৭৪৫ | ৬৮৪১০ | ৭০৪৭৫ | ২৯৭৬৪৪ | |
| ৩৬৩২ | মূলধন অনুদান | | | | | ০ | |
| ৪১১২৩০৩ | বৈদ্যুতিক সরঞ্জামাদি | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩৭৫ | ৩৭৫ | ৩৭৫ | ৩৭৫ | ১৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ১৮ | ৩৪২ | ৯১ | ১০৩৫ | ১৪৮৬ | |
| ৪১১২৩১০ | অফিস সরঞ্জামাদি | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১৭৫ | ১৭৫ | ৭৫ | ৭৫ | ৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ৯ | ২৪ | ১০ | ৩২৩ | ৩৬৬ | |
| উপমোট যন্ত্রপাতি অনুদান প্রাক্কলিত ব্যয় | | ৫৫০ | ৫৫০ | ৪৫০ | ৪৫০ | ২০০০ | |
| উপমোট যন্ত্রপাতি অনুদান প্রকৃত ব্যয় | | ২৭ | ৩৬৬ | ১০১ | ১৩৫৮ | ১৮৫২ | |
| ৪১১১৩১৭ | অন্যান্য ভবন ও স্থাপনা | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১২৫ | ১২৫ | ১২৫ | ১২৫ | ৫০০ | |
| | প্রকৃত ব্যয় | | | | ৪৯১ | ৪৯১ | |
| ৪১১২২০২ | কম্পিউটার এবং আনুসাংগিক | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৫০ | ৫০ | ১০০ | ১০০ | ৩০০ | |
| | প্রকৃত ব্যয় | ২৫ | ৩৯ | ৯৯ | ১২৮ | ২৯১ | |
| ৪১১২৩১৪ | আসবাবপত্র | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১০০ | ১০০ | ১৫০ | ১৫০ | ৫০০ | |
| | প্রকৃত ব্যয় | ৫ | ১২৫ | ৭৩ | ১৬৭ | ৩৭০ | |
| উপমোট মূলধন অনুদান প্রাক্কলিত ব্যয় | | ৮২৫ | ৮২৫ | ৮২৫ | ৮২৫ | ৩৩০০ | |
| উপমোট মূলধন অনুদান প্রকৃত ব্যয় | | ৫৭ | ৫৩০ | ২৭৩ | ২১৪৪ | ৩০০৪ | |
| সর্বমোট প্রাক্কলিত ব্যয় | | ৯১৫৬৩ | ৯১৫৬২ | ৭৬৫১২ | ৭৬৫১৩ | ৩৩৬১৫০ | |
| সর্বমোট প্রকৃত ব্যয় | | ৫৭০৭১ | ১০২২৭৫ | ৬৮৬৮৩ | ৭২৬১৯ | ৩০০৬৪৮ | |

## ঋন ও অনুদান সংক্রান্ত তথ্য (অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য)

| বছর | চুক্তির ধরণ | চুক্তির সংখ্যা | কমিটমেন্ট | বছর | চুক্তির ধরণ | |
|---|---|---|---|---|---|---|
| ২০২১-২২ | ঋণচুক্তি | - | - | - | আসল | ০.২৮৩১ |
| | | | | | সুদ | - |
| | অনুদান চুক্তি | - | - | - | - | |
| | মোট | - | - | - | ০.২৮৩১ | |
| ২০২০-২১ | ঋণচুক্তি | - | - | - | আসল | ০.০৫০০ |
| | | | | | সুদ | - |
| | অনুদান চুক্তি | - | - | - | - | |
| | মোট | - | - | - | ০.০৫০০ | |

### পরিকল্পনা শাখা

প্রধান পরিকল্পনা কর্মকর্তা এ শাখার প্রধান এবং তাঁর নিয়ন্ত্রনে এ শাখার নিম্নরুপ কার্যক্রম পরিচালিত হয়:

১) দেশে রেশম শিল্পের উন্নয়নে বিভিন্ন ধরনের পরিকল্পনা প্রণয়ন ;

২) ডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন এবং অন্যান্য সরকারি অফিসের সংগে যোগাযোগ রক্ষা করা এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ;

৩) রেশমের সংগে সম্পৃক্ত সরকারি সংস্থাসমূহ ও স্থানীয় সরকার সংস্থা সমূহকে রেশমের উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয় সহায়তা প্রদান ;

৪) সরকারি নীতি ও দিক নির্দেশনার আলোকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়ন এবং তা মন্ত্রণালয়ে প্রেরণ করা ;

৫) উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান ;

৬) মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন ধরনের রিপোর্ট রির্টান প্রদান করা ;

৭) কর্তৃপক্ষ ও সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য কাজ সম্পাদন করা।

### টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs)

সরকারের ২০১৬ থেকে ২০৩০ সাল মেয়াদে বাস্তবায়নাধীন টেকসই উন্নয়ন অভীষ্ট (SD GoalsGs ) এর লক্ষ্যমাত্রার সাথে সঙ্গতি রেখে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের Goals, Target, Activities, Performance indicator প্রভৃতি বিষয়াদি উল্লেখপূর্বক বারেউবোর SDGs বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা বর্তমানে বাস্তবায়নাধীন।






**‘এসডিজি’র ১৭ টি লক্ষ্যমাত্রার বিপরীতে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ০৪ (চার) টি লক্ষ্যমাত্রার কর্মপরিকল্পনা (২০২১-২২)**

| ক্র: নং | ‘এসডিজি’র লক্ষ্যমাত্রা ও এর কার্যক্রম | ২০১৬-১৭ হতে ২০২৯-৩০ পর্যন্ত বোর্ডের লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন ২০১৬-১৭ হতে ২০২১-২২ পর্যন্ত | লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কর্মপরিকল্পনা | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ | ২০২৯-৩০ | মোট অর্জন | মন্তব্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১। | Goal 4: Quality Education (মানসম্মত শিক্ষা): অন্তর্ভুক্তিমূলক ও সমতা-ভিত্তিক মানসম্মত শিক্ষা নিশ্চিত করা এবং সবার জন্য আজীবন শিক্ষার সুযোগ তৈরী করা | ২৬৬৫০ জন প্রশিক্ষণ | ৫৭৫০ জন প্রশিক্ষণ | ২১০০ | ২২০০ | ২৩০০ | ২৪০০ | ২৫০০ | ২৬০০ | ২৭০০ | ৪১০০ | ২৬৬৫০ জন | বোর্ডের চলমান প্রকল্প সমূহ |
| ২। | Goal 5: Gender Equalit (লিঙ্গ সমতা) : লিঙ্গ সমতা অর্জন এবং সব নারী ও মেয়ের ক্ষমতায়ন করা। | ২৬৬৫০ জন প্রশিক্ষণ | ৫৭৫০ জন প্রশিক্ষণ | ২১০০ | ২২০০ | ২৩০০ | ২৪০০ | ২৫০০ | ২৬০০ | ২৭০০ | ৪১০০ | ২৬৬৫০ জন | |
| ৩। | Goal 8: Decent Work and Economic Growth (কর্মসংস্থান ও অর্থনীতি) : সবার জন্য দীর্ঘমেয়াদী, অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি, পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল ও উপযুক্ত কাজের সুবিধা নিশ্চিত করা । | ৭.৫৫ লক্ষ কর্মসংস্থান | ৬.৮৫ লক্ষ কর্মসংস্থান | ৬০০০ | ৭০০০ | ৭০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ১৮০০০ | ৭.৫৫ লক্ষ | |
| ৪। | Goal 9: Industry, Innovation and Infrastructure (উদ্ভাবন ও উন্নত অবকাঠামো): দীর্ঘস্থায়ী অবকাঠামো তৈরী করা, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়ন করা এবং উদ্ভাবন উৎসাহিত করা । | ২৯২.০০ মেট্রিক টন কাঁচা রেশম সুতা | ১০২.৫ মেট্রিক টন কাঁচা রেশম সুতা | ২০.৮৩ | ২১.৬৭ | ২২.৫০ | ২৩.৩৩ | ২৪.১৭ | ২৫.০০ | ২৫.৮৩ | ২৬.৬৭ | ২৯২.০০ মে.ট. | |

## প্রকৌশল শাখা

### নির্বাহী প্রকৌশলী এ শাখার প্রধান কার্যাবলী

১) বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এবং আওতাধীন আঞ্চলিক ও জোনাল কার্যালয় সমূহের যাবতীয় নির্মাণ, মেরামতি এবং রক্ষণাবেক্ষণ কাজের জন্য যাবতীয় নক্সা এবং ব্যয় প্রাক্কলন প্রণয়ন করা ;

২) এ সকল কাজের জন্য টেন্ডার আহবান, টেন্ডার চূড়ান্তকরণ, কার্যাদেশ প্রদান ও যাবতীয় কাজের তদারকি এবং এ সংক্রান্ত যাবতীয় বিল প্রক্রিয়াকরণ ;

৩) বৈজ্ঞানিক ও কারিগরী যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত যাবতীয় কাজকর্ম সম্পাদন করা;

৪) এ ছাড়া কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য নির্দেশপালন করা ।

### ২০২১-২২ অর্থ বছরে গুরুত্বপূর্ণ অবকাঠামো ও অন্যান্য কার্যাবলী

১) চন্দ্রঘোনা রেশম গবেষণা কেন্দ্রে ডরমেটরী ভবন নির্মাণ;

২) খাগড়াছড়ির গোলাবাড়িতে ১৯৯৭.৭৫৪ বর্গ ফুটের উইভিং এন্ডট্রেনিং সেন্টার নির্মাণ;

৩) খাগড়াছড়ির প্যারাছড়িতে ৮৯১.৬৪ বর্গ ফুটের পলুপালন কাম প্রদর্শনী কেন্দ্র নির্মাণ;

৪) খাগড়াছড়ির বাইল্লাছড়ি মাটিরাঙ্গাতে ৮৯১.৬৪ বর্গ ফুটের পলুপালন কাম প্রদর্শনী কেন্দ্র নির্মাণ;

৫) বান্দরবন, লামাতে ৮৯১.৬৪ বর্গ ফুটের পলুপালন কাম প্রদর্শনী কেন্দ্র নির্মাণ;

৬) রংপুরে ৪ (চার) বেসিন বিশিষ্ট রিলিং মেশিন স্থাপন;

৭) দুই হর্স পাওয়ারের সাবমার্সিবল পানির পাম্প স্থাপন;

৮) প্রধান কার্যালয়ে (১টন) এসি স্থাপন;

৯) বোর্ড প্রধান কার্যালয়ের সীমানা প্রাচীর, রেস্ট হাউজ মেরামত ও সংস্কার;

১০) বৈদ্যুতিক কোকুন ড্রায়ার মেশিন সরবরাহ ও সংস্থাপন;

## সম্প্রসারণ বিভাগ

**পরিচালক (সম্প্রসারণ) এ বিভাগের প্রধান এবং তাঁর নিয়ন্ত্রণে এ বিভাগটির নিম্নোক্ত কর্মকান্ড পরিচালিত হয়।**

১) দেশে রেশম চাষ সম্প্রসারনের জন্য বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন, তদারকি ও দিক নির্দেশনা প্রদান;

২) সম্প্রসারণ কার্যাবলীকে সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য রেশম চাষীদের কারিগরী ও উপকরণ সহায়তা প্রদান কল্পে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান ;

৩) রেশম চাষের বিভিন্ন পর্যায়ের রেশম চাষী, এনজিও এবং মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান কল্পে ব্যবস্থা গ্রহণ ;

৪) উন্নত জাতের তুঁত গাছ এবং রোগমুক্ত রেশম পোকার ডিম উৎপাদন ও সরবরাহের যাবতীয় দিক নির্দেশনা প্রদান ও নিয়ন্ত্রণ করা;

৫) রেশম শিল্পের সংগে সম্পৃক্ত বিভিন্ন এনজিও ও অন্যান্য প্রতিষ্ঠানের সংগে যোগাযোগ রক্ষা করতঃ রেশম সম্প্রসারণ কাজ ত্বরান্বিত করা;

৬) রেশম গুটির বাজারজাতকরণে প্রয়োজনীয় সহায়তা প্রদান ;

৭) মাঠ পর্যায়ের বিভিন্ন কার্যালয় পরিদর্শন এবং সমস্যা সমাধানের ব্যবস্থা নেয়া ;

৮) বিভিন্ন রিজিওন ও জোন থেকে প্রাপ্ত তথ্য সমূহের পরিসংখ্যান প্রস্তুত করতঃ বোর্ডের পরিকল্পনা বিভাগের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা ;

এ ছাড়াও বিভাগটির আওতায় দেশব্যাপি রেশম উন্নয়নের জন্য সম্প্রসারণ কার্যক্রম পরিচালনার জন্য ৫ টি আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ৭ টি জোনাল কার্যালয়, ১০ টি রেশম বীজাগার, ১টি পি-৩ ষ্টেশন (জাত সংরক্ষণ), ২টি গ্রেনেজ (বীজ কাটাই ও প্রক্রিয়াকরণ), ৭টি তুতঁবাগান, ৫৯টি রেশম সম্প্রসারণ কার্যালয় এবং ২৭ টি চাকী পলু পালন কেন্দ্র রয়েছে ।

### আঞ্চলিক রেশম গবেষণা কেন্দ্র (আরেগকে), চন্দ্রঘোনা, রাঙ্গামাটি পার্বত্য জেলা

- বারেগপ্রই এর বিকল্প জার্মপ্লাজম ব্যাংক হিসেবে তুঁত ও রেশমকীটের জাত সংগ্রহ ও সংরক্ষণ;
- পাহাড়ী পরিবেশ উপযোগী তুঁত ও রেশমকীটের জাত ও রেশমচাষ প্রযুক্তি উদ্ভাবন;
- পাহাড়ী অঞ্চলে রেশমচাষে দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষে চাষী পর্যায়ে ও টিওটি প্রশিক্ষণ প্রদান।

### জার্মপ্লাজম মেইটেন্যান্স সেন্টার (জিএমসি), সাকোয়া, পঞ্চগড়

- বারেগপ্রই এর বিকল্প জার্মপ্লাজম ব্যাংক হিসেবে তুঁত ও রেশমকীটের জাত সংগ্রহ ও সংরক্ষণ;
- আবহাওয়া উপযোগী তুঁত ও রেশমকীটের জাত ও রেশমচাষ প্রযুক্তি উদ্ভাবন;
- রেশমকীটের এফ-১ বাণিজ্যিক ডিম উৎপাদনের লক্ষ্যে পি-১ নার্সারীতে দ্বিচক্রী জাতের ডিম বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের চাহিদা সাপেক্ষে সরবরাহকরণ।

### ২০২১-২০২২ অর্থ বছরে উল্লেখযোগ্য অগ্রগতিসমূহ

- জার্মপ্লাজম ব্যাংকে তুঁতজাতের সংখ্যা ৮৩ থেকে ৮৪ টিতে উন্নীত হয়েছে;
- ২০২১-২০২২ অর্থবছরে বাংলাদেশের আবহাওয়া উপযোগী ১টি উচ্চফলনশীল তুঁতজাত উদ্ভাবন করা হয়েছে। এর ফলে তুঁতপাতার উৎপাদন বছরে হেক্টর প্রতি ৩৭.০০-৪০.০০ মেঃটন এর স্থলে ৪০ - ৪৮ মেঃটন এ উন্নীত করা সম্ভব হয়েছে;
- তুঁতগাছের রোগ-বালাই দমনে প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে
- জার্মপ্লাজম ব্যাংকে রেশমকীটের জাত ১১৩ হতে ১১৪টিতে উন্নীত হয়েছে।
- বাংলাদেশের আবহাওয়া উপযোগী ০১টি উচ্চফলনশীল রেশমকীটের জাত উদ্ভাবন করা হয়েছে। যার ফলে রেশমগুটির উৎপাদন ৬০-৭০ কেজি থেকে ৭০-৭৬ কেজিতে উন্নীত করা সম্ভব হয়েছে
- জ্যৈষ্ঠা ও ভাদুরী বন্দে আবহাওয়া সহনশীল রেশমকীটের বহুচক্রীজাত উদ্ভাবন এবং ফিল্ড ট্রায়াল সম্পন্ন করা হয়েছে। মাঠ পর্যায়ে এর উৎপাদন প্রতি ১০০ রোগমুক্ত ডিমে ৫০-৫৫ কেজি।
- বর্তমানে ০১ কেজি কাঁচা রেশমসুতা উৎপাদন করতে ১০-০৯ কেজি কাঁচা রেশমগুটির প্রয়োজন হচ্ছে, যা পূর্বে ০১ কেজি কাঁচা রেশমসুতা উৎপাদন করতে ১৮-২০ কেজি রেশমগুটির প্রয়োজন হতো।
- প্রচলিত থাই রিলিং মেশিনটিকে ডুয়েল ড্রাইভিং সিস্টেম (হস্ত/পাওয়ার চালিত) উন্নীত করা হয়েছে যার ফলে অল্প সময়ে স্বল্প খরচে অধিক রেশমসুতা কাটাই করা সম্ভব হচ্ছে।







### আঞ্চলিক রেশম গবেষণা কেন্দ্র (আরেগকে), চন্দ্রঘোনা, রাঙ্গামাটি পার্বত্য জেলা



★ ১২টি তুঁতজাত ও ২৮টি রেশমকীট জাত সংরক্ষণ করা হচ্ছে। তুঁত ও রেশমকীটের জাতের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধির কাজ চলমান রয়েছে।

★ পাহাড়ী পরিবেশ উপযোগী তুঁতচাষ ও পলুপালন প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে।

### সুবর্ণচর, নোয়াখালী, চট্টগ্রাম জেলা





★ লবণাক্ত অঞ্চলে তুঁতচাষের সম্ভাব্যতা যাচাই-এর লক্ষ্যে সুবর্ণ চর, নোয়াখালী এলাকায় গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে প্রাথমিকভাবে লবণাক্ত সহিষ্ণু (০৩) তিনটি জেনোটাইপ নির্বাচন করা হয়েছে। তবে জাত/ জেনোটাইপ সুনিশ্চিতকল্পে আরও গবেষণার প্রয়োজন রয়েছে।

### জার্মপ্লাজম মেইটেন্যান্স সেন্টার (জিএমসি), সাকোয়া, পঞ্চগড়



★ ১২ টি তুঁতজাত এবং ৪৮টি রেশমকীট জাত সংরক্ষণ করা হচ্ছে।

★ রেশমকীটের এফ-১ বানিজ্যিক ডিম উৎপাদনের লক্ষে বিএসডিবি এর চাহিদা অনুযায়ি পি-১ নার্সারীতে ২০২১-২০২২ অর্থ বছরে দ্বিচক্রী জাতের ২০০০ টি ডিম বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডকে সরবরাহ করা হয়েছে।

### প্রশিক্ষণ

রেশম প্রযুক্তি উন্নয়ন, বিস্তার ও দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় :

| ক্রমিক নং | কোর্সের নাম | মেয়াদকাল | ব্যাচ সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | মাঠপর্যায়ে রেশমচাষিদের তুঁতচাষ ও পলুপালন (৫৩) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ৩০ দিন | ১ ব্যাচ × ২০ জন | ২০ জন |
| ২। | মাঠপর্যায়ে রেশমচাষিদের তুঁতচাষ ও পলুপালন (৫৪) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ৩০ দিন | ১ ব্যাচ × ২০ জন | ২০ জন |
| ৩। | কমিউনিটি এ্যাপ্রোচের মাধ্যমে রেশমচাষি (১ম) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ২০ দিন | ১ ব্যাচ × ১০ জন | ১০ জন |
| ৪। | কমিউনিটি এ্যাপ্রোচের মাধ্যমে রেশমচাষি (২য়) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ২০ দিন | ১ ব্যাচ × ১০ জন | ১০ জন |
| ৫। | কমিউনিটি এ্যাপ্রোচের মাধ্যমে রেশমচাষি (৩য়) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ২০ দিন | ১ ব্যাচ × ১০ জন | ১০ জন |
| ৬। | কমিউনিটি এ্যাপ্রোচের মাধ্যমে রেশমচাষি (৪র্থ) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ২০ দিন | ১ ব্যাচ × ১০ জন | ১০ জন |
| ৭। | সিল্ক ডাইং এন্ড প্রিন্টিং (৬ষ্ঠ) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ৩০ দিন | ১ ব্যাচ × ১০ জন | ১০ জন |
| ৮। | কমিউনিটি এ্যাপ্রোচের মাধ্যমে রেশমচাষি (৫ম) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ২০ দিন | ১ ব্যাচ × ১০ জন | ১০ জন |
| ৯। | কমিউনিটি এ্যাপ্রোচের মাধ্যমে রেশমচাষি (৬ষ্ঠ) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ২০ দিন | ১ ব্যাচ × ১০ জন | ১০ জন |
| ১০। | কমিউনিটি এ্যাপ্রোচের মাধ্যমে রেশমচাষি (৭ম) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ২০ দিন | ১ ব্যাচ × ১০ জন | ১০ জন |
| ১১। | কমিউনিটি এ্যাপ্রোচের মাধ্যমে রেশমচাষি (৮ম) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ২০ দিন | ১ ব্যাচ × ১০ জন | ১০ জন |
| ১২। | মাঠপর্যায়ে রেশমচাষিদের তুঁতচাষ ও পলুপালন (৫৫) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ৩০ দিন | ১ ব্যাচ × ২০ জন | ২০ জন |
| ১৩। | জিও এবং এনজিও মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের টিওটি (৪র্থ) তম ব্যাচ | ৩০ দিন | ১ ব্যাচ × ২০ জন | ২০ জন |
| ১৪। | GO এবং NGO মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের টিওটি (৫ম) তম ব্যাচ | ৩০ দিন | ১ ব্যাচ × ২০ জন | ২০ জন |
| ১৫। | স্টাফস তুঁতচাষ ও পলুপালন টিওটি (১ম) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ৩০ দিন | ১ ব্যাচ × ২০ জন | ২০ জন |

| ক্রমিক নং | কোর্সের নাম | মেয়াদকাল | ব্যাচ সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১৬। | স্টাফস তুঁতচাষ ও পলুপালন টিওটি (২য়) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ৩০ দিন | ১ ব্যাচ × ২০ জন | ২০ জন |
| ১৭। | স্টাফস তুঁতচাষ ও পলুপালন টিওটি (৩য়) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ৩০ দিন | ১ ব্যাচ × ২০ জন | ২০ জন |
| ১৮। | স্টাফস তুঁতচাষ ও পলুপালন টিওটি (৪র্থ) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ৩০ দিন | ১ ব্যাচ × ২০ জন | ২০ জন |
| ১৯। | স্টাফস তুঁতচাষ ও পলুপালন টিওটি (৫ম) তম ব্যাচ প্রশিক্ষণ কোর্স | ৩০ দিন | ১ ব্যাচ × ২০ জন | ২০ জন |
| | | | সর্বমোট = | ২৯০ জন |

### প্রশিক্ষণরত প্রশিক্ষণার্থী





### ২০২১-২০২২ অর্থ বছরের গবেষণা কার্যক্রম

এই প্রকল্পের আওতায় ২৩টি গবেষণা কম্পোনেন্ট চলমান রয়েছে। যার মধ্যে উল্লেখযোগ্য গবেষণা কার্যক্রমঃ নতুন নতুন ও উচ্চফলনশীল জাত উদ্ভাবনের লক্ষ্যে তুঁত ও রেশমকীটের জাত সংরক্ষণ, উচ্চফলনশীল ও আবহাওয়া সহনশীল তুঁত ও রেশমকীটের জাত উদ্ভাবন/হাইব্রিড নির্বাচন, পরিবর্তিত আবহাওয়ায় তুঁত ও রেশমকীটের পরিবেশ উপযোগী রোগবালাই দমন প্রযুক্তি উদ্ভাবন, লবণাক্ত অঞ্চলে রেশমচাষের সম্ভাব্যতা যাচাইকরণ, বিরূপ আবহাওয়া সহিষ্ণু তুঁতজাত নির্বাচন ও নির্বাচিত তুঁতজাতের পুষ্টিমান নিরূপন, রেশম উপজাতের বহুমূখী ব্যবহারের মাধ্যমে রেশম সেক্টরের বাড়তি আয়ের সুযোগ সৃষ্টি, উদ্ভাবিত উচ্চফলনশীল তুঁতজাতের সারের মাত্রা নিরূপন, গুণগত ও মানসম্পন্ন কাঁচা রেশমসুতা উৎপাদনের লক্ষে পোস্ট কোকুন প্রযুক্তি উদ্ভাবন, পাহাড়ী পরিবেশ উপযোগী তুঁতচাষ পদ্ধতি নির্বাচন ও রেশমকীট হাইব্রিড জাত উদ্ভাবন।



পলিসেডের মাধ্যমে পরিচালিত গবেষণা কার্যক্রম



বস্ত্র ও পাট মন্ত্রী গোলাম দস্তগীর গাজী, বীরপ্রতিক, এমপি কর্তৃক গবেষণা কার্যক্রম পরিদর্শন

## মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনার আলোকে গৃহীত প্রকল্প

মাননীয় প্রধানমন্ত্রী গত ১২/১০/২০১৪ খ্রিঃ বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করেন "কৃষি মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয়ের গবেষকদের সাথে যোগাযোগ রক্ষা করে তুঁতগাছের উন্নয়ন এবং তুঁতচাষের উন্নত প্রযুক্তি বের করতে হবে"। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে "তুঁত ও রেশমকীট জাতের উন্নয়ন, প্রযুক্তি উদ্ভাবন ও বিস্তার" শীর্ষক উন্নয়ন প্রকল্প প্রণয়ন করার জন্য প্রস্তাব করা হয়। পরবর্তীতে পরিকল্পনা কমিশনের নির্দেশনার আলোকে চলমান "রেশম প্রযুক্তি উন্নয়ন, বিস্তার ও দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্পের সাথে প্রস্তাবিত প্রকল্পটি একীভূত করত: মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের লক্ষে ০৫ (পাঁচ)টি গবেষণা কার্যক্রম অন্তর্ভূক্ত করে সংশোধিত প্রকল্পের নতুন অন্তর্ভূক্তকৃত গবেষণা কার্যক্রম অক্টোবর/২০১৯ মাস হতে শুরু করা হয়েছে।

### বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) কার্যক্রম

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট রেশম সেক্টরের জন্য প্রযুক্তি উদ্ভাবন এবং দক্ষ জনশক্তি সৃষ্টির কাজ করে থাকে। প্রতিষ্ঠানের মিশন, ভিশন ও কার্যক্রমের উপর ভিত্তি করে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ২০২১-২০২২ অর্থ বছরে নিম্নোক্ত লক্ষ্যমাত্রা অর্জন করা হয়েছে-

- জার্মপ্লাজম ব্যাংকে ৮৪টি তুঁতজাত সংরক্ষণ করা;
- জার্মপ্লাজম ব্যাংকে ১১৪টি রেশমকীট জাত সংরক্ষণ করা;
- ১টি তুঁতজাত উদ্ভাবনের ১৫ কাজ সম্পন্ন করা;
- ১টি রেশমকীট জাত উদ্ভাবনের ২০ কাজ সম্পন্ন করা;
- ১০,৫০০ কেজি উন্নতজাতের তুঁতকাটিং উৎপাদন করা;
- গবেষণাগারে ১০০ রোগমুক্ত ডিমে রেশমগুটির উৎপাদনশীলতা ৭৬ কেজিতে উন্নীত করা;
- রেশম সেক্টরে ২৪৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা।

পরিচালক, এসআরটিআই এবং মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড-এর মধ্যে ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যমাত্রা নিম্নরূপ-

- জার্মপ্লাজম ব্যাংকে ৮৪টি তুঁতজাত সংরক্ষণ করা;
- জার্মপ্লাজম ব্যাংকে ১১৪টি রেশমকীট জাত সংরক্ষণ করা;
- ১টি তুঁতজাত উদ্ভাবনের ১৫ কাজ সম্পন্ন করা;
- ১টি রেশমকীট জাত উদ্ভাবনের ২০ কাজ সম্পন্ন করা;
- ১০,৭০০ কেজি উন্নতজাতের তুঁতকাটিং উৎপাদন করা;
- গবেষণাগারে ১০০ রোগমুক্ত ডিমে রেশমগুটির উৎপাদনশীলতা ৭৭ কেজিতে উন্নীত করা;
- রেশম সেক্টরে ২৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা।

## উন্নয়নমূলক কর্মকান্ড



১নং বৈজ্ঞানিক পলুঘর মেরামত ও আধুনিকীকরণ



শীতাতপ নিয়ন্ত্রিত আধুনিক পলুপালন ঘর

## আঞ্চলিক ও জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়

### i) আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১) | কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা | রাজশাহী আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়টি রাজশাহীতে অবস্থিত। গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠির আর্থ সামাজিক উন্নয়নে রেশম চাষ করে দেশকে রেশমে সমৃদ্ধশালীকরণসহ স্বনির্ভরতা অর্জন ও বেকার সমস্যার সমাধান করার লক্ষ্যে এ কার্যালয় কাজ করে চলেছে। |
| ২) | আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য | রাজশাহী আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় এর অধীনে নিম্ন বর্ণিত অফিস রয়েছেঃ<br>ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র- ৫টি<br>i) পবা (রাজশাহী), ii)পুঠিয়া (রাজশাহী), iii)বাঘা (রাজশাহী), iv) নাটোর v)নওগাঁ)। |
| | | খ) বীজাগার- ৩টি<br>i) চাঁপাইনবাবগঞ্জ ii)মীরগঞ্জ (রাজশাহী) iii)পি-৩ কেন্দ্র, (রাজশাহী) |
| | | গ) মিনিফিলেচার কেন্দ্র -১টি (মীরগঞ্জ।) |
| ৩) | তুঁতচারা উৎপাদন ও বিতরণ | ১,২০,০০০ টি |
| ৪) | ডিম উৎপাদন ও বিতরণ | ১,৫৯,৫০০ টি। |
| ৫) | আইডিয়াল রেশম পল্লী সংক্রান্ত কার্যক্রম | আইডিয়াল রেশম পল্লী - ৩টি। নওগাঁ জেলার মান্দা ও মহাদেবপুর উপজেলায় অবস্থিত। প্রতি আইডিয়াল রেশম পল্লীতে ৭৫জন রেশমচাষী রয়েছে এবং প্রত্যেকের ৫ কাঠা জমিতে তুঁতগাছ রয়েছে। তিনটি রেশম পল্লীর চাষীদের ২২৫ টি পলুঘর প্রদান করা হয়েছে। |
| ৬) | তুঁতব্লক স্থাপন সংক্রান্ত কার্যক্রম | ৬৩ টি ব্লক রয়েছে। প্রতিটি তুঁতব্লকে ১০০০টি তুঁতচারা রোপন করা হয় |
| ৭) | রেশম গুটি উৎপাদন | ২৯৬১২.৪৮০ কেজি। (বীজাগার- ৩৭৫৫.৪৮০ কেজি এবং সম্প্রসারণ-২৫,৮৫৭ কেজি।) |
| ৮) | রেশম সুতার উৎপাদন (ডুপিয়ন ও ফাইন) | ২৮২.৫০ কেজি (ফাইন- ১৮১.৫০ কেজি এবং ডুপিয়ন সুতা- ১০১.০০ কেজি)। |
| ৯) | বাজেট (রাজস্ব ও উন্নয়ন) | রাজস্ব ৩৪৫.২০ লক্ষ টাকা, উন্নয়ন ১০৩.০২ লক্ষ টাকা। |
| ১০) | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ | মাঠ পর্যায়ে বি এম- ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ জাতের উচ্চ উৎপাদনশীল তুঁত গাছের জাত রয়েছে। থাই-১, বিএম ১০ এবং বিএম-১১ জাতের তুঁতচারা আগামীতে চাষিদের সরবরাহ দেওয়ার পরিকল্পনা রয়েছে। সম্প্রসারণ এলাকায় বিবি-২ জাতের সাথে বিএন(এম) জাতের ক্রস করে এফ-১ জাতের ডিম বসনীদের মাঝে দেওয়া হচ্ছে। SGMIM ৬/৩ জাতের সাথে বিএন (এম) জাতের ক্রস করে এফ-১ জাতের ডিমও বসনীদের সরবরাহ দেওয়া হচ্ছে। |
| ১১) | মোটিভেশন কার্যক্রম | নিবিড় তদারকীর মাধ্যমে রেশম চাষ সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। |
| ১২) | প্রশিক্ষণ | ৮৫ জন (তুঁতচারা রোপণ ও পরিচর্যা-৫০ জন, পলুপালন-২৫ জন এবং কোকুন রিলিং-১০ জন) |
| ১৩) | রেশম চাষ সম্প্রসারণ বেসরকারী সংস্থার রেশম চাষের সম্পৃক্ততা | রাজশাহী জেলার বাঘা উপজেলায় অবস্থিত সচেতন নামক একটি সংস্থা (এনজিও) রেশম চাষ কার্যক্রমের সংগে জড়িত। |
| ১৪) | রেশম চাষীর সংখ্যা | ৬৯৫ জন |
| ১৫) | বসনীর সংখ্যা | ২৪৭ জন |
| ১৬) | তুঁত চারা রোপণ সহায়তা | ২,৫৪,৬১৮/- টাকা (সম্প্রসারণ- ৫২,৬৯২/- এবং আইডিয়াল পল্লীতে- ২,০১,৯২৬/) |
| ১৭) | পলুঘর ও পলুপালন সরঞ্জামাদি সহায়তা | ডালা-৪০০, চন্দ্রকী-৪০০, সুতার জাল-৪০০ এবং ঘড়াকাঠি-৪০ |

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১৮) | আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভূক্তিকরণ | ২৪১ জন |
| ১৮) | কর্মসংস্থান সৃষ্টি | ১০,৫০০ জন |
| ১৯) | রেশম বীজাগারের সংখ্যা ও জমির পরিমান এবং মূল কার্যক্রম | রেশম বীজাগার-৩টি (পি১ পর্যায়ে-২টি এবং পি৩ পর্যায়ে-১টি। জমির পরিমান ২৪৯-০৩-০ বিঘা।<br>মূল কার্যক্রম: ৪টি বাণিজ্যিক বন্দে রেশম চাষীদের রোগমুক্ত ডিম সরবররাহ দেওয়ার লক্ষ্যে পি-১ পর্যায়ের বীজাগার ২টিতে পলুপালন করে ডিম উৎপাদন করা হয়। পি-৩ কেন্দ্রে রেশম কীটের মাতৃ-পিতৃজাত রক্ষনাবেক্ষণ ও সংরক্ষণ করা হয় এবং পি২ বীজাগারগুলোতে চাহিদা মোতাবেক DFLs সরবরাহ করা হয়ে থাকে। |
| ২০) | রেশম কীটের জাত সংরক্ষণ | পি-৩ কেন্দ্রে ১৬ টি রেশম কীটের মাতৃ-পিতৃজাত রক্ষনাবেক্ষণ ও সংরক্ষণ করা হয় |

## ii) আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রংপুর

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১) | কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা | বৃহত্তর রংপুর জেলায় রেশম চাষ সম্প্রসারণের ফলে ১৯৮৩ সালে রংপুর রিজিয়নের সৃষ্টি হয়। বর্তমানে রংপুর রিজিয়নের আওতায় বগুড়া ও ঠাকুরগাঁও জোন রয়েছে। অত্র রিজিয়নের সম্প্রসারণ কর্মকান্ডের ব্যাপকতায় উৎপাদিত রেশম গুটি দ্বারা ঠাকুরগাঁও ও অনেকাংশে রাজশাহী রেশম কারখানার কাঁচামাল হিসেবে সরবরাহ দেওয়া হতো। |
| ২) | আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য | রংপুর আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় এর অধীনে নিম্ন বর্ণিত অফিস রয়েছেঃ<br>ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র - ৭ (সাত) টি<br>i) রংপুর সদর, ii)বড়বাড়ী (লালমনিরহাট) iii) সৈয়দপুর (নীলফামারী) iv) তারাগঞ্জ (রংপুর) v) ফুলবাড়ী (কুড়িগ্রাম) vi) কুড়িগ্রাম vii) সুন্দরগঞ্জ (গাইবান্ধা)<br>খ) বীজাগার- ১টি- রংপুর ,<br>গ) চাকী পলুপালন সেন্টার- ২টি i) আইড়খামার (লালমনিরহাট) ii) সৈয়দপুর (নীলফামারী<br>ঘ) মিনিফিলেচার কেন্দ্র- ১টি - বড়বাড়ী (লালমনিরহাট) |
| ৩) | তুঁতচারা উৎপাদন ও বিতরণ | ৬,৪৬,০০০টি |
| ৪) | ডিম উৎপাদন ও বিতরণ | ১,৫৩,০০০টি |
| ৫) | আইডিয়াল রেশম পল্লী সংক্রান্ত কার্যক্রম | ৩টি। প্রতি আইডিয়াল রেশম পল্লীতে ৬০ জন রেশমচাষী রয়েছে এবং প্রত্যেকের ৫ কাঠা জমিতে তুঁতগাছ রয়েছে। |
| ৬) | তুঁতব্লক স্থাপন সংক্রান্ত কার্যক্রম | ৭০টি। প্রতিটি তুঁতব্লকে ৮০০টি তুঁতচারা রোপন করা হয় |
| ৭) | রেশম গুটি উৎপাদন | ৬,৯৩৬ কেজি |
| ৮) | বাজেট (রাজস্ব ও উন্নয়ন) | রাজস্ব ১০৭.৪৫ লক্ষ টাকা ও উন্নয়ন ৭১০.০০ লক্ষ টাকা |
| ৯) | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ | মাঠ পর্যায়ে বি এম- ১০ ও ১১ জাতের উচ্চ উৎপাদনশীল তুঁত গাছের জাত রয়েছে। বীজাগারে উৎপাদিত উন্নতমানের এফ-১ জাতের ডিম বসনীদের সরবরাহ দেওয়া হচ্ছে। |
| ১০) | মোটিভেশন কার্যক্রম | মোটিভেশনের মাধ্যমে ৩১২৫ জনের মধ্যে ৬০০ জনের রেশম চাষে আগ্রহ সৃষ্টি করা হয়েছে। আগ্রহী ৬০০ জনের মধ্যে ৩৬০ জনকে রেশম চাষের সাথে সম্পৃক্ত করা হয়েছে। |
| ১১) | প্রশিক্ষণ | ৫৯৫ জন (তুঁতচারা রোপণ ও পরিচর্যা - ৩৭৫ জন, পলুপালন -২০০ জন এবং কোকুন রিলিং- ২০ জন) |
| ১২) | রেশম চাষীর সংখ্যা | ১৮২০ জন |
| ১৩) | বসনী | ৬২৫ জন |
| ১৪) | তুঁত চারা রোপণ সহায়তা | আইডিয়াল খাতে ৩৭,৫১,৬০৬ টাকা এবং সাধারন চাষি- ২,৭২,২০০ টাকা |

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১৫ ) | পলুঘর ও পলুপালন সরঞ্জামাদি সহায়তা | ১,৭২,০০,৯৬৫/- টাকা |
| ১৬) | আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভূক্তিকরণ | ৫৯৫ জন |
| ১৭) | কর্মসংস্থান সৃষ্টি | প্রায় ৫,০০০ জন |
| ১৮) | রেশম বীজাগারের সংখ্যা ও জমির পরিমান এবং মূল কার্যক্রম | বীজাগার - ১ টি , জমির পরিমান ৮১-০-০ বিঘা । মূল কার্যক্রম: ৪টি বাণিজ্যিক বন্দে রেশম চাষীদের চাহিদা মোতাবেক রোগমুক্ত রেশম ডিম সরবররাহ করা হয়ে থাকে। এছাড়া তুঁতচারা উৎপাদন ও সরবরাহ করা হয়ে থাকে। |

## iii) আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঢাকা

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১) | কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা | ঢাকা আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়টি ১৯৮০ সালে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে বাসা-৫/৪ (৩য় তলা), ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা-১২০৭ এ অবস্থিত। এর আওতাধীন গাজীপুর ও কুমিল্লা ২টি জোনাল কার্যালয় রয়েছে। |
| ২) | আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য | আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঢাকার অধীনে নিম্ন বর্ণিত অফিস রয়েছে; ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র- ১টি- মানিকগঞ্জ |
| ৩) | তুঁতচারা বিতরণ | ১,০০০টি |
| ৪) | ডিম বিতরণ | ৩,৭০০টি |
| ৫) | রেশম গুটি উৎপাদন | ১,৬০৬ কেজি |
| ৬) | বাজেট (রাজস্ব ও উন্নয়ন) | রাজস্ব- ৭৮.৭০ লক্ষ টাকা |
| ৭) | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত গাছের জাত রয়েছে। উন্নতমানের এফ-১ জাতের ডিম বসনীদের সরবরাহ দেওয়া হচ্ছে। |
| ৮) | মোটিভেশন কার্যক্রম | রেশম সম্প্রসারণ এলাকায় মোটিভেশন কার্যক্রম চলমান |
| ৯) | রেশম চাষীর সংখ্যা | ৩৫ জন |
| ১০) | বসনীর সংখ্যা | ৩৫ জন |
| ১১) | আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভূক্তিকরণ | সম্পৃক্তকরণ কাজ চলমান |
| ১২) | কর্মসংস্থান সৃষ্টি | ১৭৫ জন। |

## iv) আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঝিনাইদহ

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১) | কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা | রেশম চাষ সম্প্রসারণ ও দারিদ্র বিমোচনের কৌশল হিসাবে অত্র দক্ষিন অঞ্চলের হত দরিদ্র মানুষের ভাগ্য উন্নয়নের জন্য বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড ১৯৮৩ সালে অত্র কার্যালয় স্থাপন করেন। পরবর্তীতে নিজস্ব স্থাপনা হলিধানী রেশম বীজাগার ঝিনাইদহে ২০১৬ সালে কার্যালয়টি স্থানান্তর করে রেশম চাষ উন্নয়নের কার্যক্রম চালায়ে যাচ্ছে। |
| ২) | আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য | আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,ঝিনাইদহ এর অধীনে নিম্ন বর্ণিত অফিস রয়েছে; ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র ৬টি i) দৌলতপুর (কুষ্টিয়া) ii) হলিধানী (ঝিনাইদহ) iii) আলোকদিয়া (চুয়াডাঙ্গা) iv) মহেশপুর (ঝিনাইদহ) v) মনিরামপুর (যশোর) vi) নড়াইল খ) বীজাগার- ১টি -ঝিনাইদহ গ)মিনিফিলেচার কেন্দ্র- ২টি i) ঝিনাইদহ ii) দৌলতপুর (কুষ্টিয়া) গ) চাকি সেন্টার- ৩ টি i) আলোকদিয়া (চুয়াডাঙ্গা) ii) দৌলতপুর (কুষ্টিয়া) iii) মহেশপুর (ঝিনাইদহ) |
| ৩) | তুঁতচারা উৎপাদন ও বিতরণ | ৭৫,৮০০ টি |
| ৪) | ডিম উৎপাদন ও বিতরণ | ২৮,৫০০টি |

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ৫) | তুঁতব্লক স্থাপন সংক্রান্ত কার্যক্রম | ২১ টি প্রতিটি তুঁতব্লকে ১০০০টি তুঁতচারা রোপন করা হয়। |
| ৬) | রেশম গুটি উৎপাদন | ৭,১৫৪ কেজি |
| ৭) | রেশম সুতার উৎপাদন (ডুপিয়ন ও ফাইন) | ১১৬.৪০০ কেজি (ফাইন - ৮৭.২০০০ কেজি,ডুপিয়ন -২৯.২০০কেজি) |
| ৮) | বাজেট (রাজস্ব ও উন্নয়ন) | রাজস্ব- ৭৩.৩৯ লক্ষ টাকা ও উন্নয়ন- ২.৭১ লক্ষ টাকা |
| ৯) | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত গাছের জাত রয়েছে। বীজাগারে উৎপাদিত উন্নতমানের এফ-১ জাতের ডিম বসনীদের সরবরাহ দেওয়া হচ্ছে। |
| ১০) | মোটিভেশন কার্যক্রম | স্বাভাবিক। |
| ১১) | প্রশিক্ষণ | ০৪ জন (অফিসিয়ালস) |
| ১২) | রেশম চাষীর সংখ্যা | ১৪০ জন |
| ১৩) | বসনীর সংখ্যা | ৬৬ জন |
| ১৪) | পলুঘর ও পলুপালন সরঞ্জামাদি সহায়তা | ডালা- ২০০টি, চন্দ্রকী- ২০০টি ও সুতার জাল- ২০০টি ঘড়াকাঠি-২০টি। |
| ১৫) | আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভূক্তিকরণ | ১০ জন |
| ১৬) | কর্মসংস্থান সৃষ্টি | ২৭২৫জন |
| ১৭) | রেশম বীজাগারের সংখ্যা ও জমির পরিমান এবং মূল কার্যক্রম | বীজাগার - ১ টি, জমির পরিমাণ- ৭১ বিঘা ১৪ কাঠা এবং চাষাবাদ যোগ্য- ৫৬ বিঘা। মুল কার্যক্রম- পি-১ পর্যায়ে ডিম উৎপাদন করা, বিভাগীয়ভাবে তুঁতচারা উৎপাদন ও সরবরাহ করা ও মিনিফিলেচার এ সুতা উৎপাদন। |

## v) আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাঙামাটি

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১) | কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা | পার্বত্য এলাকার গ্রামীন জনগোষ্ঠী জীবন-জীবিকার তাগিদে জুম চাষে অভ্যস্ত। পার্বত্য এলাকায় উন্নয়নের লক্ষ্যে সরকার নানামুখী পরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়ন করে যাচ্ছে। রাষ্ট্রপতির সচিবালয়, বিশেষ কার্যাদি(কল্যান) বিভাগ, ঢাকা, বাংলাদেশ এর আন্তঃমন্ত্রণালয় কমিটির প্রতিবেদন মার্চ' ১৯৯১ ইং এর আলোকে পার্বত্য এলাকায় রেশম চাষ প্রকল্প গ্রহণের মাধ্যমে ১৯৯৩ সনে রাঙ্গামাটি জেলা শহরে আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় প্রতিষ্ঠিত হয়। অত্র কার্যালয়টি স্থাপনের প্রধান উদ্দেশ্য তিন পার্বত্য জেলায় রেশম চাষ সম্প্রসারণ, ক্ষুদ্র ও কটেজ রিলিং শিল্প স্থাপনের পরিবেশ সৃষ্টি করা। রেশম পোকা পালন, রেশমগুটি উৎপাদন ও রেশম সুতা আহরণের উপর প্রশিক্ষণ প্রদান করে রেশম চাষে উদ্বুদ্ধকরণ করা। |
| ২) | আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য | রাঙ্গামাটি রিজিয়নের অধীনে নিম্ন বর্ণিত অফিস রয়েছে;<br>ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র ৬টি<br>i) রাঙ্গামাটি সদর, ii) কাপ্তাই (রাঙ্গামাটি) iii) খাগড়াছড়ি সদর, iv) মাটিরাঙ্গা (খাগড়াছড়ি) v)বান্দরবান সদর vi) লামা (বান্দরবান),<br>খ) মিনিফিলেচার কেন্দ্র- লামা (বান্দরবান),<br>গ) তুঁতবাগান- i) রুপসীপাড়া (বান্দরবান) ১.০০ একর জমি ii) রেইচা ৫.০০ একর জমি |
| ৩) | তুঁতচারা উৎপাদন ও বিতরণ | ১,১০,০০০ টি। |
| ৪) | ডিম বিতরণ | ৩০,৫০০ টি। |
| ৫) | আইডিয়াল রেশম পল্লী সংক্রান্ত কার্যক্রম | রেশম পল্লী - ২টি,<br>গাছবান আদর্শ রেশম পল্লী, (খাগড়াছড়ি) ও রুপসীপাড়া আদর্শ রেশম পল্লী, (বান্দরবান) |
| ৬) | তুঁতব্লক স্থাপন সংক্রান্ত কার্যক্রম | ৩২টি, (রাঙ্গামাটি - ৯টি, খাগড়াছড়ি - ১৭টি, ও বান্দরবান- ৬টি)। প্রতিটি তুঁতব্লকে ৮০০টি তুঁতচারা রোপন করা হয় |
| ৭) | রেশম গুটি উৎপাদন | ১১,৯৫৫ কেজি। |

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ৮) | রেশম সুতার উৎপাদন (ডুপিয়ন ও ফাইন) | ৫৪ কেজি। |
| ৯) | বাজেট (রাজস্ব ও উন্নয়ন) | রাজস্ব ৩৩.৯৪ লক্ষ, উন্নয়ন ৫.২৫ লক্ষ টাকা। |
| ১০) | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল বিএম-১০ ও বিএম-১১ তুঁতগাছের জাত রয়েছে। বীজাগারে উৎপাদিত উন্নতমানের এফ-১ জাতের (SGMIM ৬/৩ , বিএসআর ৯৫/২২,বিএন(এম)) ডিম বসনীদের সরবরাহ দেওয়া হচ্ছে |
| ১১) | মোটিভেশন কার্যক্রম | নতুন সম্ভাবনাময় এলাকাগুলোতে পার্বত্য জেলাসমূহের জনসাধারণকে মোটিভেশনের মাধ্যমে রেশমের ব্যাপক সম্প্রসারণ ও স্বাবলম্বী করে তোলা। নতুন রেশম চাষী সৃষ্টি করে বিভিন্ন পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা ও উৎপাদিত রেশম গুটি বাজারজাতকরণে সহায়তা প্রদান এবং গ্রামীণ দরিদ্র বেকার জনগোষ্ঠির কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ১২) | প্রশিক্ষণ | ২৪৫ জন ( তুঁতচাষ প্রশিক্ষণ- ১২৫ জন, পলু পালন- ১০০ জন ও রিলিং উইভিং- ২০ জন)। |
| ১৩) | রেশম চাষীর সংখ্যা | ৩৭৯ জন |
| ১৪) | বসনীর সংখ্যা | ১৩৩ জন |
| ১৫) | তুঁত চারা রোপন সহায়তা | ৫,২১,০০০/- টাকা |
| ১৬) | পলুঘর ও পলুপালন সরঞ্জামাদি সহায়তা | পলুঘর - ৭৫ টি (রাঙ্গামাটি- ৫টি, খাগড়াছড়ি- ৫৯টি ও লামা- ১১টি)<br>পলুপালন সরঞ্জামাদি ডালা- ১৪৪০ টি, চন্দ্রকী- ১৪৪০টি, ঘড়াকাটি- ১৬০টি ও সুতার জাল- ৮০০টি। |
| ১৭) | আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভূক্তিকরণ | আমার বাড়ি আমার খামার প্রকল্পে ১৫৯ জন সদস্য তুঁতগাছ রোপন ও পলুপালনের মাধ্যমে রেশম চাষে সম্পৃক্ত হয়েছে। |
| ১৮) | কর্মসংস্থান সৃষ্টি | রেশম শিল্পের মাধ্যমে পার্বত্যাঞ্চলে ব্যাপক প্রচার ও সম্প্রসারণ সহায়তা করে দারিদ্র হ্রাসকরণ ও বেকার জনগোষ্ঠির জন্য কর্মসংস্থানের সৃষ্টি করা হয়েছে। |

## i) জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, ঠাকুরগাঁও

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১) | কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা | ১৯৮১ সালে ঠাকুরগাঁও জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়টি প্রতিষ্ঠিত হয়। কার্যালয়টি ঠাকুরগাঁও গোবিন্দনগরের বিসিক মোড়ে অবস্থিত। ঠাকুরগাঁও জোনাল কার্যালয়টি রংপুর রিজিয়নের নিয়ন্ত্রণাধীন। কার্যালয়ের আয়তন ২.২৪একর। সম্প্রসারণ এলাকার উৎপাদিত রেশমগুটি ঠাকুরগাঁও রেশম কারখানায় কাঁচামাল হিসেবে সরবরাহ দেয়া হতো। |
| ২) | আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য | ঠাকুরগাঁও জোনাল কার্যালয়ের অধীনে নিম্ন বর্ণিত অফিস রয়েছে;<br>ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র- ০৯টি i) ঠাকুরগাঁও সদর, ii) রত্নাই (ঠাকুরগাঁও) iii) রাণীশংকৈল (ঠাকুরগাঁও) iv) সাদামহল (দিনাজপুর) v) পঞ্চগড় vi) সাকোয়া (পঞ্চগড়) vii) ব্রাক্ষণভিটা (দিনাজপুর) viii) বীরগঞ্জ (দিনাজপুর) x) লাটেরহাট (দিনাজপুর)<br>খ) বীজাগার-১টি, দিনাজপুর<br>গ) চাকী পলুপালন সেন্টার- ৫টি (i) ঠাকুরগাঁও, (ii) রাণীশংকৈল (ঠাকুরগাঁও) (iii) সাদামহল (দিনাজপুর) (iv) ব্রাক্ষণভিটা (দিনাজপুর) (v)পঞ্চগড় ।<br>ঘ) ক্ষুদ্র রেশম বাগান - ৫টি (i) রত্নাই (ঠাকুরগাঁও) (ii) সাদামহল (দিনাজপুর) (iii) ব্রাক্ষণভিটা (দিনাজপুর) (iv) সনকা (দিনাজপুর) (v) ঠান্ডিরাম (ঠাকুরগাঁও)<br>ঙ) মিনিফিলেচার কেন্দ্র-১ টি রাণীশংকৈল (ঠাকুরগাঁও) |
| ৩) | তুঁতচারা উৎপাদন ও বিতরণ | ২,৫০,০০০টি |

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ৪) | ডিম উৎপাদন ও বিতরণ | ৭০,৩০০ টি |
| ৫) | আইডিয়াল রেশম পল্লী সংক্রান্ত কার্যক্রম | আইডিয়াল রেশম পল্লী- ১টি সাকোয়া (পঞ্চগড়), বসনি-৭৫ জন, রোপিত তুঁতগাছ- ১৫,০০০ টি, পলুপালন ঘর- ৭৫টি, পলুপালন ডালা- ১৫০০টি, চন্দ্রকী - ১৫০০টি, বিশোধক সরবরাহ - ৭৫জন , সুতার জাল- ৬০০টি |
| ৬) | তুঁতব্লক স্থাপন সংক্রান্ত কার্যক্রম | ২২টি, প্রতিটি তুঁতব্লকে ১০০০টি তুঁতচারা রোপন করা হয় |
| ৭) | রেশম গুটি উৎপাদন | ২২৪২৩কেজি ( সম্প্রসারণ - ২০,৯২৩ কেজি ও বীজাগার ১৫০০ কেজি) |
| ৮) | রেশম সুতার উৎপাদন | ৩৩৪ কেজি (ফাইন-১৪৫ কেজি, ডুপিয়ন- ১৮৮ কেজি)। |
| ৯) | বাজেট (রাজস্ব ও উন্নয়ন) | রাজস্ব ১০০.৭৯ লক্ষ টাকা, উন্নয়ন ৩০.৩৮ লক্ষ টাকা। |
| ১০) | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ | মাঠ পর্যায়ে উন্নতজাতের উৎপাদনশীল তুঁতগাছের জাত রয়েছে। বীজাগারে উৎপাদিত উন্নতমানের এফ-১ জাতের (SGMIM ৬/৩ , বিএসআর ৯৫/২২,বিএন(এম)) ডিম বসনীদের সরবরাহ দেওয়া হচ্ছে। |
| ১১) | মটিভেশন কার্যক্রম | চলমান। |
| ১২) | প্রশিক্ষণ | ৩৫ জন (তুঁতচাষ ও চাকী পলু -২৫ জন এবং রিলিং- ১০জন) |
| ১৩) | রেশম চাষীর সংখ্যা | ৩৫৭ জন |
| ১৪) | বসনীর সংখ্যা | ১৯০ জন |
| ১৫) | তুঁত চারা রোপন সহায়তা | ৩.০০ (তিন লক্ষ) টাকা |
| ১৬) | পলুঘর ও পলুপালন সরঞ্জামাদি সহায়তা | ১.৮২ (এক লক্ষ বিরাশি হাজার )টাকা |
| ১৭) | আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভূক্তিকরণ | ৫৪ জন |
| ১৮) | কর্মসংস্থান সৃষ্টি | ৬৬ জন। |
| ১৯) | রেশম বীজাগারের সংখ্যা ও জমির পরিমান এবং মূল কার্যক্রম | বীজাগার-১টি। জমির পরিমাণ- ১১৯ বিঘা ১৫ কাঠা, মূল কার্যক্রম- মাঠ পর্যায়ের চাহিদা মোতাবেক তুঁতচারা এবং ডিম উৎপাদন ও বিতরণ করা হয়। মোট বাগানগুলির জমির পরিমাণ- ১৪.৭৫ একর। ২০২১-২২ অর্থ বছরে রেশম উৎপাদন ও বিতরণ=১০,৮০০ টি, ২০৫৫ টি রেশম ডিমের গুটি উৎপাদন ১২৫৫ কেজি,বড় চারা ১,৬০,০০০ টি ও ছোট চারা ৩০,০০০ টি তুঁতচারা উৎপাদন করা হয়। |

## ii) জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, সিরাজগঞ্জ

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১) | কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা | ২০১৬ ইং থেকে সিরাজগঞ্জ জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়ের কার্যক্রম শুরু হয়েছে। জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, সিরাজগঞ্জে (বর্তমানে বিআরডিবি ভবন) অবস্থিত। পাবনা ও সিরাজগঞ্জ জেলার আওতাধীন রেশম বীজাগার, সরকারি ও বেসরকারি খাতে রেশম চাষ, সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা, নিবিড় পরিদর্শন প্রয়োজনে তুঁতচারা উৎপাদন, রেশম ডিম উৎপাদন ও বিতরণ, রেশম গুটি উৎপাদনের সকল প্রকার কারিগরী সহায়তা প্রদান, চাষী ও বসনীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ সহ সরকারী আদেশ নির্দেশ ও কার্যাবলী পালনে মুখ্য ভূমিকা পালন করে আসছে। |
| ২) | আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য | ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র- ২টি (i) আটঘরিয়া (পাবনা) (ii) সিরাজগঞ্জ<br>খ) রেশম বীজাগার- ১টি-ঈশ্বরদী (পাবনা)<br>গ) মিনিফিলেচার কেন্দ্র- ২টি (i)বাগবাটি (সিরাজগঞ্জ) (ii)চাটমোহর (পাবনা)। |
| ৩) | তুঁতচারা বিতরণ | ৩৯৫০০টি |
| ৪) | আইডিয়াল রেশম পল্লী সংক্রান্ত কার্যক্রম | আইডিয়াল রেশম পল্লী ১টি (সিরাজগঞ্জ)। তুঁতচাষী- ৭৫ জন, তুঁতচারা-১৫,০০০টি, লোকাট ৪বিঘা ১০কাঠা জমিতে রোপন করা হয়েছে। |

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ৫) | তুঁতব্লক স্থাপন সংক্রান্ত কার্যক্রম | ৮টি ব্লক। প্রতিটি তুঁতব্লকে ১০০০টি তুঁতচারা রোপন করা হয় |
| ৬) | রেশম গুটি উৎপাদন | ১৮৫০০.৬০ কেজি। |
| ৭) | রেশম সুতার উৎপাদন | ৬৯.৬২ কেজি (ফাইন- ৩৫.১২০ কেজি ও ডুপিয়ন - ৩৪.৫০ কেজি) |
| ৮) | বাজেট (রাজস্ব ও উন্নয়ন) | রাজস্ব ৮১.৪৫ লক্ষ টাকা, উন্নয়ন ১৬.৩৫ লক্ষ টাকা। |
| ৯) | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ | মাঠ পর্যায়ে উন্নতজাতের উৎপাদনশীল তুঁতগাছের জাত রয়েছে। বীজাগারে উৎপাদিত উন্নতমানের এফ-১ জাতের ডিম বসনীদের সরবরাহ দেওয়া হচ্ছে। |
| ১০) | মটিভেশন কার্যক্রম | চলমান |
| ১১) | প্রশিক্ষণ | ২৫ জন (তুঁতচারা রোপন ও পরিচর্যা প্রশিক্ষণ)। |
| ১২) | রেশম চাষীর সংখ্যা | ২১৫ জন |
| ১৩) | বসনীর সংখ্যা | ১০৫ জন |
| ১৪) | তুঁত চারা রোপন সহায়তা | ২৯,৯৬৯/- টাকা |
| ১৫) | পলুঘর ও পলুপালন সরঞ্জামাদি সহায়তা | পলুঘর- ১০ টি, ডালা- ২২০টি, চন্দ্রকী-১৬০টি |
| ১৬) | আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভূক্তিকরণ | চলমান |
| ১৭) | কর্মসংস্থান সৃষ্টি | ৬৮২ জন । |
| ১৮) | রেশম বীজাগারের সংখ্যা ও জমির পরিমান এবং মূল কার্যক্রম | বীজাগার--১টি। জমির পরিমান- ১০৭ বিঘা ১২ কাঠা;<br>মূল কার্যক্রম- তুঁতচাষ ও তুঁতচারা উৎপাদন এবং রেশম ডিম পালন ও বীজগুটি উৎপাদন। |

## iii) জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, গাজীপুর

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১) | কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা | ২০১৮ সালে ময়মনসিংহ জোনাল কার্যালয়টি কোনাবাড়ী রেশম বীজাগারে স্থানান্তর করে গাজীপুর জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় নামকরণ করা হয়। ইতোপূর্বে কার্যালয়টি ১৯৭৯ সালে ময়মনসিংহে প্রতিষ্ঠিত হয়। |
| ২) | আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য | এ কার্যালয়ের অধীনে নিম্নবর্ণিত অফিস রয়েছে;<br>ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র-৪টি (i)ময়মনসিংহ সদর, (ii)ঘাটাইল(টাঙ্গাইল) iii)জামালপুর ও iv)কাপাসিয়া(গাজীপুর)<br>খ) রেশম বীজাগার- ১টি কোনাবাড়ী (গাজীপুর)<br>গ) মিনিফিলেচার কেন্দ্র- ২টি, (র)কোনাবাড়ী (গাজীপুর) (রর) ময়মনসিংহ<br>ঘ) গ্রেনেজ ভবন- ১টি, ময়মনসিংহ |
| ৩) | তুঁতচারা উৎপাদন ও বিতরণ | ১,৫৪,০০০ টি |
| ৪) | ডিম উৎপাদন ও বিতরণ | ১৩,৩০০ টি (বিতরণ)। |
| ৫) | আইডিয়াল রেশম পল্লী সংক্রান্ত কার্যক্রম | আইডিয়াল রেশম পল্লীর- ১টি, ঘাটাইল(টাঙ্গাইল) |
| ৬) | রেশম গুটি উৎপাদন | ৫,১৩৬ কেজি। |
| ৭) | রেশম সুতার উৎপাদন (ডুপিয়ন ও ফাইন) | ৩৮.৫০০ কেজি (ফাইন -৪০.৩৫০ কেজি, ডুপিয়ন - ১০.৯০০ কেজি)। |
| ৮) | বাজেট (রাজস্ব ও উন্নয়ন) | রাজস্ব ৭৬.১১ লক্ষ টাকা, উন্নয়ন ২.২৭ লক্ষ টাকা |
| ৯) | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ | মাঠ পর্যায়ে উন্নতজাতের উৎপাদনশীল তুঁতগাছের জাত রয়েছে। বীজাগারে উৎপাদিত উন্নতমানের এফ-১ জাতের ডিম বসনীদের সরবরাহ দেওয়া হচ্ছে। |
| ১০) | মোটিভেশন কার্যক্রম | চলমান। |
| ১১) | রেশম চাষীর সংখ্যা | ৬৮ জন। |
| ১২) | বসনীর সংখ্যা | ৬৮ জন। |
| ১৩) | পলুঘর ও পলুপালন সরঞ্জামাদি সহায়তা | ১,৮১,৬০০.০০ (একলক্ষ একাশি হাজার ছয়শত) টাকা (ক) ঘড়া--১৬,০০০/- টাকা খ) ডালা- ৫৯,৮০০/- টাকা গ) চন্দ্রকী- ৮৯,৮০০/- টাকা ঘ) সুতার জাল- ১৬,০০০/- টাকা) |

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১৪) | আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভূক্তিকরণ | কার্যক্রম চলমান। |
| ১৫) | কর্মসংস্থান সৃষ্টি | ৬৮ জন। |
| ১৬) | রেশম বীজাগারের সংখ্যা ও জমির পরিমান এবং মূল কার্যক্রম | রেশম বীজাগার- ০১ টি, ৪৮ বিঘা। মূল কার্যক্রম- তুঁতচারা উৎপাদন। |

## iv) জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, ভোলাহাট

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১) | কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা | ভোলাহাট এলাকা বাংলাদেশের সবচেয়ে প্রাচীন ও প্রধান এলাকা। ভোলাহাট বীজাগার ১৯৬১-৬২ সালে প্রতিষ্ঠিত হয়। জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় রেশমের সুতিকাগার। ভোলাহাটের ক্রমাগত রেশম চাষ বৃদ্ধি ও রেশম চাষীদের দোরগোড়ায় সেবা পৌছাইয়া দেওয়ার জন্য ১৯৮৫ সালে জেলা রেশম সম্প্রসারণ কার্যালয়ের কার্যক্রম শুরু। ভোলাহাট সেরিকালচার নার্সারীর মধ্যে কার্যালয়টি অবস্থিত। ভোলাহাট বীজাগারটি বর্তমানে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের একটি অংগ সংগঠন হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। |
| ২) | আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য | এ কার্যালয়ের অধীনে নিম্নবর্ণিত অফিস রয়েছে:<br>ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র- ৫টি (i) ভোলাহাট (চাঁপাইনবাবগঞ্জ), (ii)রহনপুর (চাঁপাইনবাবগঞ্জ) (iii)শিবগঞ্জ(চাঁপাইনবাবগঞ্জ) (iv)আড্ডা (v)নাচোল (জেলা-চাঁপাইনবাবগঞ্জ)<br>খ) রেশম বীজাগার - ১টি। ভোলাহাট (চাঁপাইনবাবগঞ্জ)<br>গ) মিনিফিলেচার কেন্দ্র - ১টি ভোলাহাট (চাঁপাইনবাবগঞ্জ) |
| ৩) | তুঁতচারা উৎপাদন ও বিতরণ | ৪০,০০০টি (উৎপাদন) ও ১,২০,০০০ টি (বিতরণ)। |
| ৪) | ডিম উৎপাদন ও বিতরণ | ১,৩০,২৫০ টি (উৎপাদন) ও ৮১,২৫০ টি (বিতরণ)। |
| ৫) | আইডিয়াল রেশম পল্লী সংক্রান্ত কার্যক্রম | আইডিয়াল রেশম পল্লী- ২টি। প্রতিটি আইডিয়াল পল্লীতে ৭৫ জন করে চাষী রয়েছে। |
| ৬) | তুঁতব্লক স্থাপন সংক্রান্ত কার্যক্রম | ব্লক-৭ টি (রহনপুর- ৪টি ও শিবগঞ্জ-৩) (জেলা- চাঁপাইনবাবগঞ্জ) |
| ৭) | রেশম গুটি উৎপাদন | ৩১,৩৫৬ কেজি। |
| ৮) | রেশম সুতা উৎপাদন (ডুপিয়ন ও ফাইন) | ৩৯১৫ কেজি (ডুপিয়ন)। |
| ৯) | বাজেট (রাজস্ব ও উন্নয়ন) | রাজস্ব ৬৭.৩২ লক্ষ টাকা, উন্নয়ন ১০২.০৩ লক্ষ টাকা। |
| ১০) | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ | মাঠ পর্যায়ে উন্নতজাতের উৎপাদনশীল তুঁতগাছের জাত রয়েছে। সম্প্রসারণ এলাকার চাহিদা মোতাবেক উন্নতমানের এফ-১ জাতের রেশম ডিম বসনীদের সরবরাহ করা হয়। |
| ১১) | মটিভেশন কার্যক্রম | চলমান। |
| ১২) | প্রশিক্ষণ | ১৭৫ জন (তুতচাষ ও পলুপালন ) |
| ১৩) | রেশম চাষীর সংখ্যা | ৪১৭ জন |
| ১৪) | বসনীর সংখ্যা | ১৩৫ জন |
| ১৫) | তুঁত চারা রোপন সহায়তা | ৬,৫২,০০০/- |
| ১৬) | পলুঘর ও পলুপালন সরঞ্জামাদি সহায়তা | ৩২,৭০,০০০/- |
| ১৭) | আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভূক্তিকরণ | ১২০ জন। |
| ১৮) | কর্মসংস্থান সৃষ্টি | ২৫,০০০ জন |
| ১৯) | চরকায় স্পান সুতা উৎপাদন কার্যক্রম সম্পন্ন | ২৫ থেকে ৩০ মেট্রিক টন (বেসরকারী পর্যায়) |
| ২০) | রেশম বীজাগারের সংখ্যা ও জমির পরিমান এবং মূল কার্যক্রম | রেশম বীজাগারের সংখ্যা - ১টি, জমির পরিমাণ- ৩৬.৭৯ একর।<br>মূল কার্যক্রম: উন্নত জাতের তুঁত কাটিংস ও তুঁতচারা উৎপাদন এবং রেশম বীজগুটি ও রোগমুক্ত রেশম ডিম উৎপাদন। |

## v) জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, গোপালগঞ্জ

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১) | কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা | জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজবাড়ী অত্র এলাকার রেশম চাষ উন্নয়নের জন্য এবং ঐতিহ্যবাহী রেশম শিল্প আরও বেগমান ও গতিশীল করার জন্য ২০১১ সালে পরিচালনা করা হয়। গত ০৪/০৩/২০১৯ তারিখে ৫০১ গেটপাড়া, কবরস্থান রোড, পোঃ বেদগ্রাম, জেলা গোপালগঞ্জ এর ভাড়াটিয়া বাসায় অফিস স্থানান্তর করা হয় এবং বর্তমানে জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়টি উক্ত ঠিকানায় অবস্থিত। |
| ২) | আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য | গোপালগঞ্জ কার্যালয়ের অধীনে নিম্ন বর্ণিত অফিস রয়েছে;<br>ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র অফিস- ৪টি (i) রাজবাড়ী , (ii)কালুখালী(রাজবাড়ী), (iii)ফরিদপুর (iv)গোপীনাথপুর ( গোপালগঞ্জ )।<br>খ) চাকী সেন্টার ২টি (রাজবাড়ী ও ফরিদপুর)। |
| ৩) | তুঁতচারা বিতরণ | ২০,০০০ টি । |
| ৪) | ডিম বিতরণ | ১৭,০০০ টি । |
| ৫) | আইডিয়াল রেশম পল্লী সংক্রান্ত কার্যক্রম | রেশম পল্লী- ১টি। সদস্য সংখ্যা- ৭১ জন। |
| ৬) | তুঁতব্লক স্থাপন সংক্রান্ত কার্যক্রম | ব্লক-১৬টি। |
| ৭) | রেশম গুটি উৎপাদন | ৬৭৫৫ কেজি । |
| ৮) | বাজেট (রাজস্ব ও উন্নয়ন) | রাজস্ব ৩৫.৩৯ লক্ষ টাকা, উন্নয়ন ০৭.৩৮ লক্ষ টাকা। |
| ৯) | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ | মাঠ পর্যায়ে উন্নতজাতের উৎপাদনশীল তুঁতগাছের জাত রয়েছে। সম্প্রসারণ এলাকার চাহিদা মোতাবেক উন্নতমানের এফ-১ জাতের রেশম ডিম বসনীদের সরবরাহ করা হয়। |
| ১০) | মটিভেশন কার্যক্রম | স্বাভাবিক |
| ১১) | প্রশিক্ষণ | ২৫ জন (তুঁতচারা রোপন ও পরিচর্যা) |
| ১২) | রেশম চাষীর সংখ্যা | ব্লক-৫৭জন,সম্প্রসারণ-১০১জন,আবাআখা-৪৬জন ।মোট-২০৪ জন |
| ১৩) | বসনীর সংখ্যা | ৯৫ জন (ব্লক-৪০জন,সম্প্রসারণ-৪৫জন,আবাআখা-১০জন) |
| ১৪) | পলুঘর ও পলুপালন সরঞ্জামাদি সহায়তা | পলুঘর- নাই, ডালা- ৩০০টি, চন্দ্রকী- ৩০০টি ও সুতার জাল- ৩০০টি ও ঘড়াকাঠি- ৩০টি। |
| ১৫) | আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভূক্তিকরণ | ৪৬ জন। |
| ১৬) | কর্মসংস্থান সৃষ্টি | ৬২০ জন। |
| ১৭) | অন্যান্য/ফার্মিং পদ্ধতিতে রেশম চাষ | জমির পরিমাণঃ ১০ বিঘা। |

## vi) জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, বগুড়া

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১) | কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা | বিবরণ বগুড়া জেলা শহরে ১৯০৫ সালে স্থাপিত বগুড়া রেশম বীজাগার অভ্যন্তরে জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়টি অবস্থিত। বর্তমানে বগুড়া, নওগাঁ ও জয়পুরহাট জেলার রেশম চাষ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অত্র জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, বগুড়া হতে পরিচালিত হয়। |
| ২) | আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য | এ কার্যালয়ের অধীনে নিম্ন বর্ণিত অফিস রয়েছেঃ<br>ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র-৫টি<br>১.বগুড়া সদর, ২. সোনাতলা, ৩. জয়পুরহাট, ৪. পাঁচবিবি ও ৫. বাগজানা।<br>খ) রেশম বীজাগার- ১টি, মিনিফিলেচার কেন্দ্র-১টি (জয়পুরহাট) ও চাকী কেন্দ্র-২টি (জয়পুরহাট ও পাঁচবিবি)। |
| ৩) | তুঁতচারা উৎপাদন ও বিতরণ | ১,৫৯,৫০০ টি |
| ৪) | ডিম উৎপাদন ও বিতরণ | ৭৮৫০ টি |

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ৫) | রেশম গুটি উৎপাদন | ১২,২৪৩ কেজি |
| ৬) | রেশম সুতার উৎপাদন (ডুপিয়ান ও ফাইন) | ৯২.০০০ কেজি। (ডুপিয়ান- ৩৫.০০০ কেজি ও ফাইন-৫৭.০০০ কেজি) |
| ৭) | বাজেট (রাজস্ব ও উন্নয়ন) | রাজস্ব ৯২.৩৭ লক্ষ টাকা, উন্নয়ন ৭.০১৫ লক্ষ টাকা |
| ৮) | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ | মাঠ পর্যায়ে উন্নতজাতের উৎপাদনশীল তুঁতগাছের জাত রয়েছে। সম্প্রসারণ এলাকার চাহিদা মোতাবেক উন্নতমানের এফ-১ জাতের রেশম ডিম বসনীদের সরবরাহ করা হয়। |
| ৯) | মটিভেশন কার্যক্রম | ব্লকে রোপিত তুঁতগাছ সাধারণ জনগণের মধ্যে বিতরণ করে পলুপালন ও গুটি উৎপাদন করে আর্থ সামাজিক উন্নয়ন ও ১৫ জন চাষীর ১৫-০০-০০ বিঘা জমিতে ফার্মিং পদ্ধতিতে রেশম চাষে সম্পৃক্তকরণ। |
| ১০) | প্রশিক্ষণ | ২৫ জন (তুঁতচারা রোপন ও পরিচর্যা) |
| ১১) | রেশম চাষীর সংখ্যা | ৪২৫ জন |
| ১২) | বসনীর সংখ্যা | ১৫৩ জন |
| ১৩) | তুঁতচারা রোপন সহায়তা | ১.৭৫ (একলক্ষ পঁচাত্তর হাজার) টাকা |
| ১৪) | পলুঘর ও পলুপালন সরঞ্জামাদি সহায়তা | ১.৮২ (একলক্ষ বিরাশি হাজার) টাকা |
| ১৫) | আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভূক্তিকরণ | আমার বাড়ি আমার খামারের ৭৮ জন সদস্যদের রেশম চাষে সম্পৃক্তকরণ। |
| ১৬) | কর্মসংস্থান সৃষ্টি | ৯৩৯ জন |
| ১৭) | রেশম বীজাগারের সংখ্যা ও জমির পরিমাণ এবং মূল কার্যক্রম | রেশম বীজাগার- ১০টি, ৩৩.৪৩ একর, পি২ বীজাগার হিসাবে জাত সংরক্ষণ এবং পি১ বীজাগারে ডিম সরবরাহ ও মিনিফিলেচার কেন্দ্রে গুটি সরবরাহ। |

## vii) জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, কুমিল্লা

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১) | কার্যালয়/স্থাপনার পটভূমি/ভূমিকা | কুমিল্লা জেলার বুড়িচং উপজেলায় ময়নামতি ইউনিয়নে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের কুমিল্লা জোনাল কার্যালয়টি অবস্থিত। অত্র জোনাল কার্যালয়ের অধীনস্থ ১টি ময়নামতি রেশম বীজাগারও রয়েছে। যাহা ১৯৬৫ সালে স্থাপিত হয়। এতদঞ্চলে রেশম কীটের বিভিন্ন জাত সংরক্ষন এবং বানিজ্যিক ভাবে রেশম গুটি উৎপাদনসহ চাহিদা অনুযায়ী ডিম উৎপাদনের লক্ষ্যে এই বীজাগারটি স্থাপন করা হয়েছে। |
| ২) | আওতাধীন অফিস সংক্রান্ত তথ্য | এ কার্যালয়ের অধীনে নিম্নবর্ণিত অফিস রয়েছেঃ<br>ক) রেশম সম্প্রসারণ কেন্দ্র, ১টি (ফেনী) |
| ৩) | তুঁতচারা উৎপাদন ও বিতরণ | ৬৬,০০০ টি |
| ৪) | ডিম উৎপাদন ও বিতরণ | ৮৩,৫০০টি |
| ৫) | রেশম গুটি উৎপাদন | ১,৩২৯ কেজি |
| ৬) | বাজেট (রাজস্ব ও উন্নয়ন) | রাজস্ব বাজেট ৪৩.৪০ লক্ষ টাকা। |
| ৭) | মাঠ পর্যায়ে উচ্চ উৎপাদনশীল তুঁত ও রেশম কীট জাতের সম্প্রসারণ | মাঠ পর্যায়ে উন্নতজাতের উৎপাদনশীল তুঁতগাছের জাত রয়েছে। সম্প্রসারণ এলাকার চাহিদা মোতাবেক উন্নতমানের এফ-১ জাতের রেশম ডিম বসনীদের সরবরাহ করা হয়। |
| ৮) | মটিভেশন কার্যক্রম | চাষীদেরকে মোটিভেশনের মাধ্যমে তুঁতচাষ বৃদ্বিসহ রেশম গুটি উৎপাদন ও রেশম পন্য বাজারজাতকরণ এর সুযোগ সৃষ্ঠি ইত্যাদি উদ্বুদ্ধকরণ কার্যক্রম জোরদার করার মাধ্যমে এতদঞ্চলে রেশম চাষের ব্যাপক বিস্তার ঘটানো ইত্যাদি মোটিভেশনাল কার্যক্রম গ্রহন করা হয়। |
| ৯) | রেশম চাষ সম্প্রসারণ বেসরকারী সংস্থার রেশম চাষের সম্পৃক্ততা | ফার্ম ফ্রেন্ডর্স এগ্রোঃ লিঃ, লালবাগ, সদর দক্ষিণ কুমিল্লা, শিল্পপতি বেসরকারী উদ্যোক্ত জনাব মোঃ আমিনুর রশিদ ইয়াছিন ২০১৮-১৯ সালে ৭,৫০০ টি তুঁতচারা রোপন করেন। |

| ক্রঃনং | বিবরণ | তথ্যাদি |
|---|---|---|
| ১০) | রেশম চাষীর সংখ্যা | ১০ জন। |
| ১১) | বসনীর সংখ্যা | ১০ জন। |
| ১২) | আমার বাড়ি আমার খামার সদস্যদের রেশম চাষে অর্ন্তভূক্তিকরণ | চলমান |
| ১৩) | কর্মসংস্থান সৃষ্টি | ১০ জন চাষী আগামীতে রেশম চাষের মাধ্যমে বাড়তি অর্থ উর্পাজন করতে সক্ষম হবে। |
| ১৪) | রেশম বীজাগারের সংখ্যা ও জমির পরিমান এবং মূল কার্যক্রম | বীজাগারের সংখ্যা ১টি, জমির পরিমান ১৬ একর বা ৪৮ বিঘা তন্মধ্যে তুঁতচাষ আবাদি জমি ২২ বিঘা, পুকুর, বন জাতীয় গাছ, রাস্তা, ভবন ইত্যাদি ২৬ বিঘা। |

## উৎপাদন ও বাজারজাতকরণ বিভাগ

পরিচালক (উৎপাদন ও বিপণন) এ বিভাগের প্রধান এবং তাঁর নিয়ন্ত্রণে এ বিভাগটি পরিচালিত হয়। দেশের বিভিন্ন স্থানে ১৩ টি মিনিফিলেচার কেন্দ্র এ বিভাগের অন্তর্ভুক্ত। বিভাগটির কার্যাবলী নিম্নরুপ-

১) দেশে উৎপাদিত সরকারী ও বেসরকারী পর্যায়ে রেশম গুটি ও রেশম সামগ্রীর সুষ্ঠু বাজারজাতকরণের ব্যবস্থা গ্রহণ;

২) মিনিফিলেচারের মাধ্যমে রেশম গুটি ক্রয় ও গুটি হতে গুণগত মানসম্পন্ন সুতা উৎপাদন ও উৎপাদিত সুতা বাজারজাতকরণ;

৩) রিলিং প্রশিক্ষণের মাধ্যমে স্থানীয় মহিলা রিলারদের দক্ষতা বৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;

৪) মিনিফিলেচারে নিয়োজিত রিলিং কাজে সংশ্লিষ্টদের কারিগরী পরামর্শ প্রদান;

৫) রেশম তথা রেশম পণ্য উৎপাদনে সম্পৃক্ত বেসরকারী পর্যায়ে শিল্পোদ্যোক্তাগণের উন্নয়নের মাধ্যমে রেশম শিল্পের প্রসার ঘটানো;

৬) কাঁচা রেশম, স্পান সিল্ক ও রেশম পণ্য উৎপাদনের জন্য মিল স্থাপণের ব্যবস্থা গ্রহণ;

৭) মিনিফিলেচারে সুতা কাটাই কার্যক্রম মডেল হিসেবে স্থানীয় বেসরকারী উদ্যোক্তাদের প্রদর্শন এবং এখান থেকে তাদের কারিগরী পরামর্শ ও সহায়তা প্রদান;

৮) সম্প্রসারণ এলাকায় চাষীদের উৎপাদিত রেশম গুটি বাজারজাতকরণে সহায়তা প্রদান;

৯) দেশে-বিদেশে রেশম ও রেশম সামগ্রী জনপ্রিয় ও বাজারজাতকরণের জন্য প্রচারের ব্যবস্থা;

১০) রেশম সামগ্রীর মানোন্নয়ন এবং রেশম শিল্পের দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে বেসরকারী পর্যায়ের সিল্ক রিলার, স্পিনার, উইভার ও প্রিন্টারদেরকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ;

১১) বেসরকারী খাতে নতুন রেশম কারখানা স্থাপন ও প্রয়োজনীয় কারিগরী দিক-নির্দেশনা প্রদান;

১২) বস্ত্র সেক্টরের রেশম সাব-সেক্টরের রেশম নীতি, রেশম সুতা আমদানী ও রপ্তানী নীতি প্রণয়ন, সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ।

### সরকারি পর্যায়ে সুতা উৎপাদন

| মন্ত্রণালয়ের নাম | পণ্যের নাম | উৎপাদনের লক্ষ্যমাত্রা | প্রকৃত উৎপাদন | উৎপাদনের শতকরা হার | দেশের অভ্যন্তরীণ চাহিদার হার | পূর্ববর্তী |
|---|---|---|---|---|---|---|
| বস্ত্র ও পাট মন্ত্রণালয় | সুতা | ০.০০৯০০ লক্ষ কেজি | ০.০১২৬৬ লক্ষ কেজি | ১৪০% | ০.৪২% | ০.০১০৮৫ লক্ষ কেজি |

## সরকারি পর্যায়ে রেশম গুটি ও কাঁচা রেশম উৎপাদন

| অর্থ বছর | রেশম গুটি উৎপাদন (মেঃ টন) | কাঁচা রেশম উৎপাদন (মেঃ টন) |
|---|---|---|
| ২০১৭-১৮ | ৯৩.০০ | ০.৭৭৫ মেঃটন (সরকারি পর্যায়ে) |
| ২০১৮-১৯ | ১৭৪.০০ | ১.০৬ মেঃটন (সরকারি পর্যায়ে) |
| ২০১৯-২০ | ১৯২.৭০ | ১.৪৩৮ (সরকারি পর্যায়ে) |
| ২০২০-২১ | ১৪৫.০০ | ১.০৯৯ (সরকারি পর্যায়ে) |
| ২০২১-২২ | ২১৫.০০ | ১.২৬৬ (সরকারি পর্যায়ে) |

## মিনিফিলেচার কেন্দ্রে রেশম গুটি কাটাই ও সুতা উৎপাদনের তথ্যাদি

